# BCS প্রিলি. লেকচার শিট বাংলা ভাষা ও সাহিত্য

লেকচার ০৮

## Lecture Contents

ব্যাকরণ-৪

- শব্দ ও শব্দ প্রকরণ
- লিঙ্গ প্রকরণ

## শব্দ ও শব্দের শ্রেণিবিভাগ

### শব্দ

মনের ভাব প্রকাশের জন্য এক বা একাধিক ধ্বনি বা বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে বা অর্থবোধক ধ্বনি হলে তাকে শব্দ বলে।
অর্থবোধক ধ্বনি ও ধ্বনি সমষ্টিকে শব্দ বলা হয়।

| শব্দ |
|---|
| বাক্যের মৌলিক উপাদান শব্দ। |
| শব্দকে বাক্যের একক বলা হয়। |
| বাক্যের বাহন হলো শব্দ। |
| শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রাংশকে রূপ বলে। |
| শব্দের ক্ষুদ্রতম অংশকে বলা হয় ধ্বনি। |

**শব্দ গঠনের উপায় :** শব্দ গঠনের উপায়গুলো নিম্নরূপ :

| | | |
|---|---|---|
| উপসর্গ যোগে | সন্ধির সাহায্যে | সমাসের সাহায্যে |
| প্রত্যয় যোগে | দ্বিরুক্তির সাহায্যে | পদ পরিবর্তনের মাধ্যমে |

বাংলা শব্দ ভাণ্ডারে রয়েছে বিচিত্র শব্দের সমারোহ। বিভিন্ন দৃষ্টিকোণ থেকে শব্দের শ্রেণিবিভাগ হতে পারে। যেমন:

ক. উৎসমূলক শ্রেণিবিভাগ
খ. গঠনমূলক শ্রেণিবিভাগ
গ. অর্থমূলক শ্রেণিবিভাগ

### (ক) শব্দের উৎসমূলক শ্রেণিবিভাগ

- ব্যুৎপত্তিগতভাবে বা উৎস বিচারে বাংলা ভাষার শব্দসমূহকে পণ্ডিতগণ ৫টি ভাগে ভাগ করেছেন। যথা:

| তৎসম শব্দ | অর্ধ তৎসম শব্দ | তদ্ভব শব্দ |
|---|---|---|
| দেশি শব্দ | বিদেশি শব্দ | |

- নবম-দশম শ্রেণির নতুন ব্যাকরণ অনুযায়ী চার প্রকার। যথা: তৎসম, তদ্ভব, দেশি ও বিদেশি।

### ১. তৎসম শব্দ

- তৎসম একটি পারিভাষিক শব্দ। তৎসম অর্থ তার (তৎ) সমান (সম)। তৎসম শব্দ বলতে বুঝায় সংস্কৃত শব্দ। সংস্কৃত ভাষা থেকে যেসব শব্দ সরাসরি বাংলায় এসেছে ও যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে তৎসম শব্দ বলে। প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বিবর্তিত যেসব বাংলা শব্দের লিখিত চেহারা সংস্কৃত ভাষার শব্দের অনুরূপ সেগুলোকে তৎসম শব্দ বলে।
যেমন: ব্যাকরণ, অগ্রহায়ণ, বঙ্কিম।
- সংস্কৃত ব্যাকরণ অনুসরণ করে গঠিত পারিভাষিক শব্দকেও তৎসম শব্দ বলা হয়। যথা: অধ্যাদেশ, গণপ্রজাতন্ত্রী, মহাপরিচালক, সচিবালয় ইত্যাদি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চন্দ্র | সূর্য | ভবন | ধর্ম | ধূম্র | সাগর |
| জ্যোৎস্না | হিম | পুস্তক | বৃক্ষ | সন্ধ্যা | মানব |
| পাত্র | পুত্র | কবি | জীবন | ফল | কুৎসিত |
| শ্রাদ্ধ | গমন | অশ্ব | মস্তক | ক্ষতি | চন্দন |
| মাতা | দান | দধি | বায়ু | আকাশ | দেশ |
| জল | অলাবু | নদী | ক্ষুধা | খাদ্য | উদর |
| পাঠক | পঞ্চম | অঞ্চল | উত্তর | আঘাত | উষা |
| পৃথিবী | গ্রহ | কিংবদন্তি | তরণি | ঊর্ণা | |

**সংস্কৃত ভাষার শব্দ থেকে বিভিন্ন বাংলা শব্দের উৎপত্তি**

| সংস্কৃত শব্দ | বাংলা শব্দ | সংস্কৃত শব্দ | বাংলা শব্দ |
|---|---|---|---|
| দধি | দই | শাটী | শাড়ি |
| নিম্বু | লেবু | বাটী | বাড়ি |
| ফুল্ল | ফুল | ঢক্কা | ঢাক |
| ডিম্ব | ডিম | স্ফূর্তি | ফুর্তি |
| চিপিটক | চিড়া | সমর্থ | সোমত্ত |
| দুগ্ধ | দুধ | | |

## ২. তদ্ভব শব্দ

**তদ্ভব শব্দ**

মনে রাখার টেকনিক: মা তামা'ন্নাকে হাত দিয়ে মাছ ভাত ঘি খাওয়া শিখাতে গিয়ে আধখানা চাঁদ ধরে আনার জন্য চামারকে বাছলেন (বাছা)। কাঠ দিয়ে পাতা'য় (পা, পাতা) বাড়ি দিতেই হাতি ঘোড়া সাপ পাখি চলে আসলো।

- তদ্ভব কথাটির অর্থ হচ্ছে তার (সংস্কৃত) থেকে উদ্ভব। **তদ্ভব শব্দগুলোকে খাঁটি বাংলা শব্দও বলে।**
- যেসব শব্দের মূল সংস্কৃত ভাষায় পাওয়া যায়, কিন্তু ভাষার স্বাভাবিক বিবর্তনের ধারায় প্রাকৃতের মাধ্যমে পরিবর্তিত হয়ে আধুনিক বাংলায় স্থান করে নিয়েছে, সেসব শব্দকে বলা হয় তদ্ভব শব্দ।
  যেমন: চাঁদ, চামার, পাখি, পা, পাতা, বাছা, ভিটা, ভাত, মা, হাত, নাচ, হাত, কান, জিভ, দাঁত, হাতি, ঘোড়া, সাপ, পাখি, কুমির ইত্যাদি।
- **তৎসম শব্দ থেকে তদ্ভব শব্দের উৎপত্তি:**

| সংস্কৃত | প্রাকৃত | তদ্ভব | সংস্কৃত | প্রাকৃত | তদ্ভব |
|---|---|---|---|---|---|
| চর্মকার | চম্মআর | চামার | ঘৃত | ঘিঅ | ঘি |
| চন্দ্র | চন্দ | চাঁদ | পাদ | পাঅ | পা |
| মাতা | মাআ | মা | কাষ্ঠ | কট্ঠ | কাঠ |
| হস্ত | হত্থ | হাত | ভক্ত | ভত্ত | ভাত |
| শিষ্য | সিকখ | শিখ | অর্ধ | | আধ |
| মৎস্য | | মাছ | তাম্র | | তামা |

## ৩. অর্ধতৎসম শব্দ

**অর্ধতৎসম শব্দ**

মনে রাখার টেকনিক: গেরাম এ ছেরাদ্দে'র নেমন্তন্ন খেতে এসে খিদে আর তেষ্টায় গিন্নি কেষ্ট বোষ্টম কে মিষ্টি আনতে বললেন। কিন্তু রাতে কুচ্ছিত ষাঁড় জোছনা দেখতে দেয়নি।

- বাংলা ভাষায় কিছু সংস্কৃত শব্দ কিঞ্চিৎ পরিবর্তিত আকারে ব্যবহৃত হয়, এগুলোকে অর্ধতৎসম শব্দ বলে।
  যেমন: গাত্র > গতর।
- বাংলা ভাষায় অর্ধতৎসম শব্দগুলো এসেছে সংস্কৃত ভাষা থেকে।

| তৎসম | অর্ধতৎসম | তৎসম | অর্ধতৎসম |
|---|---|---|---|
| গৃহিণী | গিন্নি | কৃষ্ণ | কেষ্ট |
| কুৎসিত | কুচ্ছিত | বৈষ্ণব | বোষ্টম |
| ক্ষুধা | খিদে | মিষ্ট | মিষ্টি |
| তৃষ্ণা | তেষ্টা | নিমন্ত্রণ | নেমন্তন্ন |
| গ্রাম | গেরাম | শ্রাদ্ধ | ছেরাদ্দ |
| জ্যোৎস্না | জোছনা | ষণ্ড | ষাঁড় |

## ৪. দেশি শব্দ

**দেশি শব্দ**

মনে রাখার টেকনিক: আবুল এক গঞ্জের কুড়ি ডাগড় টোপর মাথায় নিয়ে চোঙ্গা হাতে পেটে'র জ্বালায় খেয়া ডিঙ্গা করে খড় কুলা চুলা চিংড়ি চাউল ডাব ঝিঙ্গা ঢেঁকি বিক্রি করতে গিয়ে সাথে নিল নারিকেল (তৎসম) পাঠা। উল্টা পথে ঝাড় এর পাশে আঁড় ওত পেতে ছিল খাড়া কালো বাদুড় চেঁচিয়ে বলে খুকি চাপা মারিসনা।

- আর্যদের আগমনের পূর্বে এ দেশের আদিম অধিবাসীরা যে ভাষায় কথা বলত, তাদের ভাষা থেকে যে শব্দ পাওয়া যায়, তাকে দেশি শব্দ বলে। দেশি শব্দের মূল নির্ধারণ করা যায় না।
- বাংলাদেশের আদিম অধিবাসীদের (কোল, মুণ্ডা, প্রভৃতি) ভাষা ও সংস্কৃতির কিছু উপাদান বাংলায় রক্ষিত হয়েছে। এসব শব্দকে দেশি শব্দ নামে অভিহিত করা হয়। অর্থাৎ অনার্য জাতির ব্যবহৃত শব্দকে দেশি শব্দ বলে। যেমন:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ডাগুা | চাউল | ঝিনুক | ছাঁচ | ইটা | ডিঙি |
| গজা | চারা | খড় | ডোম | ভিড় | ম্যাজম্যাজ |
| ঝাড় | চুনি | ঢিল | চিড় | ট্যাক | ট্যাটা |
| পেট | আড় | ফের | ডাগুর | পাঁঠা | জুলজুল |
| ডাহা | খাড়ি | মুড়কি | বাট | ডাব | টোপর |
| খুঁটি | দোলমা | খোঁটা | ওত | ঢোল | চিড়িক |
| ম্যাড়া | খচ্চর | খেঁদি | ঢাল | ঢেউ | খেঁকি |
| কুলা | চুনি | ল্যাঠা | বোবা | খানা | পাথালি |
| কানি | বাগি | গুঁড়ি | গুঁতা | মেনি | পুঁটলি |
| বানি | খোঁয়াড় | ফাগ | ফাউ | ডিঙা | ল্যাদাপোকা |
| ডোবা | ছাঁৎ | দিদি | ন্যাবা | ধুনি | টনক |
| ছিপ | ঝানু | ঝামা | ছালা | ঢপ | কাবাডি |
| খাড়ু | পেঁটা | বাটা | বাটি | পলুই | তামাক |
| বায় | খিলান | চিল | খিড়কি | ইচা | পাঁদাড় |
| খিচুড়ি | খালুই | বোঙ্গা | খুড়া | কুঁড়ি | চুড়ি |
| ডুগি | বোরো | রুই | বাখারি | খুড়ি | খিচখিচ |
| খদ্দর | চাঙারি | চামচা | ট্যাঁক | চাটাই | পাটনি |
| চাঙ | কাঠুরিয়া | জামবাটি | কুলকুচা | পুঁতি | হাডুডু |
| কৌটা | কাঁটানটে | কাঙাল | কোরা | কাতলা | কাঁচুমাচু |
| ডাঁসা | কেঁড়ে | কালবাউশ | | | |

- **মুন্ডারি শব্দ :** ডুগি
- **কোল শব্দ :** বোঙ্গা

## ৫. বিদেশি শব্দ

যে সকল বিদেশি শব্দ সরাসরি বাংলা ভাষায় স্থান লাভ করেছে, সে শব্দগুলোকে বিদেশি শব্দ বলে। রাজনৈতিক, ধর্মীয়, সাংস্কৃতিক, বাণিজ্যিক ইত্যাদি কারণে বাংলাদেশে আগত বিভিন্ন ভাষাভাষী মানুষের বহু শব্দ বাংলায় এসে স্থান করে নিয়েছে। যেমন:

### ফারসি শব্দ

**ফারসি শব্দ**

মনে রাখার টেকনিক: রোজা রেখে বান্দা পেরেশান হয়ে গুণাহ করে ফেললে খোদা পয়গম্বরের অনুরোধে বান্দা'র নামাজ তারাবী হাদিস এগুলো দেখে দোজখ এ না দিয়ে বেহেশত-এ ফেরেশতা'দের সাথে শিন্নী খাওয়াবেন।।

**বিদেশি শব্দের মধ্যে বাংলা ভাষায় সবচেয়ে বেশি শব্দ এসেছে ফারসি শব্দ থেকে। যেমন-**

ক. **ধর্মসংক্রান্ত শব্দ:** খোদা, গুনাহ, দোজখ, নামাজ, রোজা, পয়গম্বর, বেহেশত, শিন্নি, বান্দা, পেরেশান, ফেরেশতা, তারাবি, হাদিস।

খ. **প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ:** কাগজ, কারখানা, চশমা, জবানবন্দি, ফরমান, তোশক, দপ্তর, দরবার, দোকান, দস্তখত, দৌলত, নালিশ, বাদশাহ, মেথর, রসদ, বেগম, বান্দা, বর্গি, খোশরোজ, বাজার, পরচা, মর্সিয়া, আইন, পাঞ্জাবি, পাপোশ, পেয়াদা, পেশা, শের, দরজা।

গ. **বিবিধ শব্দ:** আয়না, আদমি, আমদানি, আন্দাজ, কারবার, খরচ, সোয়া, জানোয়ার, জিন্দাবাদ, নমুনা, বদমাস, বরফ, মলম, রপ্তানি, হাঙ্গামা, হিন্দু, সবুজ, বাবেল, খাম, জঙ্গল, দারোগা, আসমান, ঘিঞ্জি, খোশমোদ, খামোখা, কাবাব, ফিরিঙ্গি, ফালুদা, বোরহানি, বেগার, বেকার, পেঁয়াজ, গঞ্জ, ভিস্তি, সাদা, রুমাল, সারেং, আলবোলা, পরি, পেয়ালা, পায়খানা, তেজি, শালগম, লাগাম, খাকি, খানসামা।

- **দারোগা কোন ভাষার শব্দ:** নবম-দশম শ্রেণির বাংলা ব্যাকরণে **দারোগা শব্দকে তুর্কি শব্দ** বলা হয়েছে (পৃ.৫১)। তবে বাংলা একাডেমির আধুনিক বাংলা অভিধানে দারোগা শব্দটি ফারসি বলা হয়েছে (পৃ. ৬৪৬)।
- **লুঙ্গি কোন ভাষার শব্দ:** লুঙ্গি বর্মি শব্দ হিসেবে প্রচলিত। বর্মি বা বার্মিজ মায়ানমারের রাষ্ট্রভাষা। লুঙ্গি বা লোঙ্গাই মায়ানমারের জাতীয় পোশাক হিসেবে স্বীকৃত। **বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে লুঙ্গি শব্দটিকে ফারসি বলা হয়েছে (পৃ. ১২০৭)।**
- **বর্গি কোন ভাষার শব্দ:** অষ্টাদশ শতাব্দীর অশ্বারোহী মারাঠি দস্যু সৈন্যদেরকে বর্গি বলা হয়। **বর্গি শব্দটি মারাঠি শব্দ হিসেবে প্রচলিত।** বর্গি শব্দকে মারাঠি বারগির শব্দের অপভ্রংশ বলা হয়। **বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে বর্গি শব্দটি ফারসি বলা হয়েছে (পৃ. ৯২২)।**

## আরবি শব্দ

**আরবি শব্দ**

**মনে রাখার টেকনিক**

এলেম বা আলেমরা দোয়াত কলম দিয়ে কিতাবে গায়েব সম্পর্কিত কেচ্ছা কানুন লিখেন। উকিল মুক্তার ও মুহুরি মিলে এজলাস বা আদালতে গিয়ে মুন্সেফ বা হাকিমের কাছে মামলার আসামীরা বাদি ও বিবাদী'র জন্য হুকুম বা রায় চেয়েছে। মৌলভি, শরিফ, মোলায়েম গলায় মুসাফির বেশে অযু করে তসবীহ পড়তে পড়তে ইদ ইনসান যাকাত, হারাম, হালাল, হায়াত, কিয়ামত, গোসল, জাহান্নাম, কুরআন, ইমান, হজ্জ সম্পর্কে আলোচনা করছেন।।

ক. **ধর্মসংক্রান্ত শব্দ:** আল্লাহ, আদাব, ইসলাম, ইমান, ওজু, কোরবানি, কোরআন, মুসাফির, কিয়ামত, কবুল, গোসল, জাহান্নাম, তওবা, তসবি, শহিদ, যাকাত, হারাম, হালাল, হায়াত, দাওয়াত, শরিফ, হজ্জ, মৌলভী, আলেম, ইসলাম, ইনসান, ইদ।

খ. **প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ:** আদালত, উকিল, বাকি, মক্কেল, ওজর, এজলাস, এলেম, কানুন, কলম, রায়, বকলম, কিতাব, কেচ্ছা, খারিজ, গায়েব, দোয়াত, দলিল, নগদ, মহকুমা, দালাল, মুন্সেফ, মোক্তার, জরিমানা, জরিপ, ইস্তফা, জেলা, লোকসান, আব্বা।

গ. **বিবিধ শব্দ:** আক্কেল, আজ, তেজারত, তাকলিফ, তবলা, মোলায়েম, জিরকোনিয়াম, মশগুল, মশকরা, তুফান, শরবত, লেবু, বোরন, তারিখ, বোরকা, ফানুস, খত, খাসি, খালু, দখল, হারেম, ইউনানি, সাবান, ওজন, লাখেরাজ, গোলাম, আলাদা, দলিল।

- বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে **তারিখ শব্দটি আরবি** বলা হয়েছে (পৃ. ৫৯৯), কিন্তু নবম দশম শ্রেণির নতুন ব্যাকরণে **তারিখ ফারসি শব্দ** বলা হয়েছে (পৃ. ৫১)।

## পর্তুগিজ শব্দ

**পর্তুগিজ শব্দ**

**মনে রাখার টেকনিক**

এক পাদ্রি বালতিতে করে আনারস নিয়ে গির্জায় গেল। তারপর দরজা জানালা ভেঙ্গে গুদামে গিয়ে চাবি দিয়ে আলমারি খুলে আলপিন বের করল এবং পাউরুটি খেয়ে বসে থাকল।

আতা, আনারস, আলপিন, আলমারি, আলকাতরা, ইস্তিরি, ইস্পাত, কেদারা, কামরা, কেরানি, কপি, গির্জা, গুদাম, গামলা, চাবি, জানালা, জালা, পেঁপে, পেরেক, পাউরুটি, পাদরি, পেয়ারা, পিস্তল, ফিতা, বালতি, বোতাম, বারান্দা, বেহালা, বর্গা, ইংরেজি, তোয়ালে, নিলাম, কাফ্রি, কাবাব, বোতল, বোমা, বোম্বেটে, ইংরেজ, কার্তুজ, সাগু।

## ইংরেজি শব্দ

**ইংরেজি শব্দ দুই প্রকারে পাওয়া যায়।**

ক. **অনেকটা ইংরেজি উচ্চারণে:** কমা, কলেজ, কেরোসিন, চেয়ার, টিন, নভেল, নোট, পাউডার, পেনসিল, ব্যাগ, ফেল, বিল, মাস্টার, লাইব্রেরি, টুল, ফুটবল, টেবিল, টিকিট, স্টিমার, রেল, লাইন, পুলিশ, স্টেশন, থিয়েটার, কোম্পানি, ডিসমিস, মাস্টার, সিনেমা।

খ. **পরিবর্তিত উচ্চারণে:** আফিম (Opium), অফিস (Office), বাক্স (Box), স্কুল (School), হাসপাতাল (Hospital), বেঞ্চি (Bench), গেলাস (Glass), জেল (Jail), এজেন্ট (Agent), কামান (Cannon), কৌসুলি (Counsellor)।

**আরো কিছু শব্দ:**

**তুর্কি:** আলখাল্লা, উজবুক, কাঁচি, কাবু, কুলি, কুর্নিশ, কোর্তা, কোর্মা, খাঁ, চাকর, চাকু, চকমক, তোপ, বাবুর্চি, লাশ, বন্দুক, বারুদ, বাবা, সুলতান, বেগম, মুচলেকা, খোকা, চিলমচি।

**তুর্কি শব্দ**

**মনে রাখার টেকনিক**

সুলতান চাকর চাকু তোপ দারোগা বারুদ নিয়ে বাবুর্চি খোকা, খাঁ ও বেগমকে ভয় দেখাতে গিয়ে উল্টো বাবা আলখাল্লা পরে কোর্তা কোর্মা উজবুক কাঁচি দিয়ে তাকে কাবু করে ফেললো। এসব দেখে কুলি কুর্নিশ ও মুচলেকা দিয়ে চিলমচি নিয়ে বিদায় হল।

**হিন্দি:** ভাই, চাচা, বোন, মামা, মামি, কাহিনি, রুটি, চানাচুর, চাচি, দাদা, খেলনা, গাং, ছোকরা, হালুয়া, লাগাতার, সমঝোতা, ঘুগনি, ইস্তক, খতিয়ান, ফুচকা, ফুলকা, পাঁয়তারা, ঢাড়ি, ঝান্ডা, ঢাল, ঢাউস, ধরতি, ধাঙর, পোখরাজ, মোড়ক, পিচকারি, টোল, জুতা, ধুতি, খাস্তা, খিরা, টহল, পাগড়ি, বাবু, শেরওয়ানি, ঠাণ্ডা, লালচ, লাট্টু, জরু, চাটনি, কলকি, নানা, নানি।

**ফরাসি:** আঁতাত, কুপন, ক্যাফে, ডিপো, ফরাসি, ওলন্দাজ, গ্যারাজ, বুর্জোয়া, রেস্তোরাঁ, আঁতেল, ম্যাটিনি, ম্যাগাজিন, ম্যাংগানিজ, ব্রোঞ্জ, ব্লক, ব্লাউজ, ইস্ক্রুপ, ক্লোরোফিল, কার্নিশ, কার্পেট, কার্বন, ফার্নিচার, ফসিল, পাতলুন, পিকনিক, পিকেটিং, ট্রাফি, ভিসা, অ্যাটর্নি, ক্যাবিনেট, ক্যাপসুল, ক্যালেন্ডার, ক্যাশিয়ার, গ্লুকোজ, গ্লিসারিন, ক্যাসেট, গ্র্যাচুইটি, ট্র্যাফিক, ট্রেজারি, প্লাস্টিক, প্ল্যান, প্ল্যাটফরম, চকলেট, সিগারেট, ক্যাডার।





**লাতিন:** ম্যাপ, ম্যাক্সি, ম্যাগনেশিয়াম, ল্যামিলেশন, ল্যাবরেটরি, বোনাস, ফিউজ, ফাইলেরিয়া, টর্পেডো, ডিকশনারি, ডায়াবিটিস, করোটি, ইলেকশন, টাইপিস্ট, অ্যাফিডেভিট, অ্যামিবা, অ্যাসিড, অ্যামেচার, অ্যান্টেনা, ক্যামেরা, ক্যাম্পাস, ট্যালকম, ইউরেনিয়াম, ইউনিভার্সিটি, ইউনিয়ন, ইউনিফর্ম, ইউক্যালিপটাস, সেপটিক।

**ওলন্দাজ/ডাচ:** ক্যারেট, ইস্কাপন, টেক্কা, তুরুপ, রুইতন, হরতন, ল্যান্ডস্কেপ, ড্রিল, ড্রেজার, ট্রিগার, ট্রলার, পটাশ, ব্র্যান্ডি।

**স্প্যানিশ:** হারমাদ, ফার্ম, ডেঙ্গু, ক্যাফেটেরিয়া, আলপাকা, কুইনাইন।

**ইতালিয়ান:** ফ্যাসিস্ট, মাফিয়া, ম্যাজেন্টা, ম্যালেরিয়া, কার্টুন, কার্নিভ্যাল, ক্যাসিনো, স্টুডিয়ো, জেব্রা, লাভা।

**জাপানি:** জুডো, রিকশা, প্যাগোডা, সুনামি, হারিকিরি, হাসনুহানা, ক্যারাটে।

মনে রাখার টেকনিক: হাসনুহানা জুডো রিকশা চড়ে 'প্যাগোডা' সুনামি হারিকিরি ও ক্যারাটে নিয়ে ভাবতে লাগলো।

**গ্রিক:** দাম, কেন্দ্র, ক্লোন, ক্লোরিন, আইসোটোপ, ইউরেনাস।

**জার্মান/জর্মন:** নাৎসি, কিন্ডারগার্টেন, ট্রাম।

**চীনা:** চা, চিনি, লুচি, লিচু, এলাচি, সাম্পান।

মনে রাখার টেকনিক: এলাচি লুঙ্গি পরে চা চিনি লিচু নিয়ে সাম্পান এ করে আসলো।

**তামিল:** চুরুট।

**বর্মি:** ফুঙ্গি, লুঙ্গি।

**সিংহলি:** সিডর (অর্থ-চোখ), বেরিবেরি।

**রুশ:** বলশেভিক।

**গুজরাটি:** হরতাল।

**অস্ট্রেলিয়ান:** বুমেরাং, ক্যাঙ্গারু।

**মালয়:** কাকাতুয়া, কিরিচ।

**তিব্বতি:** শেরপা, লামা।

- **চকলেট কোন ভাষার শব্দ:** চকলেট মেক্সিকান শব্দ হিসেবে প্রচলিত। তবে বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে চকলেট শব্দটি ফরাসি শব্দ বলা হয়েছে (পৃ. ৪৩৮)।
- হাসনুহানা জাপানি শব্দ হাসনাহেনা বাংলা শব্দ।
- পাঞ্জাবি হিসেবে পরিচিত চাহিদা শব্দটি বাংলা শব্দ ও শিখ শব্দটি সংস্কৃত শিষ্য থেকে এসেছে।

### মিশ্র শব্দ

কোনো কোনো সময় দেশি ও বিদেশি শব্দের মিলনে শব্দদ্বৈত সৃষ্টি হয়ে থাকে। মিশ্র শব্দকে সংকর শব্দও বলে।

**মিশ্র শব্দ**

মনে রাখার টেকনিক: বোমাবাজ পকেটমার ব্যারোমিটার চুরি করতে গিয়ে ডাক্তারখানায় ধরা পড়ল। আইনজীবী তাকে বাঁচানোর চৌহদ্দি লিখতে গিয়ে কালিকলম শেষ করে ফেললো। শাকসবজি খেতে খেতে হেড পণ্ডিত তা অবলোকন করছিল এবং খ্রিস্টাব্দ গুণছিলো।

যেমন-

| মিশ্র শব্দ | ভাষা | মিশ্র শব্দ | ভাষা |
|---|---|---|---|
| চৌহদ্দি | ফারসি+ আরবি | হাট-বাজার | বাংলা+ফারসি |
| কালিকলম | বাংলা+আরবি | হেড-মৌলভী | ইংরেজি+ফারসি |
| শাকসবজি | তৎসম+ফারসি | রাজা-বাদশা | তৎসম+ফারসি |
| হেড-পণ্ডিত | ইংরেজি+তৎসম | শ্রমিক-মালিক | তৎসম+আরবি |
| আইনজীবী | ফারসি+তৎসম | খ্রিস্টাব্দ | ইংরেজি+তৎসম |
| ডাক্তারখানা | ইংরেজি+ফারসি | মাস্টারমশাই | ইংরেজি+তদ্ভব |
| পকেটমার | ইংরেজি+বাংলা | ডাক্তারবাবু | ইংরেজি+ফারসি |
| ব্যারোমিটার | গ্রিক+ইংরেজি | বকলম | ফারসি+আরবি |
| বোমাবাজ | পর্তুগিজ+ফারসি | চৌকিদার | বাংলা+ফারসি |

| উপসর্গ গঠিত শব্দ | |
|---|---|
| বেটাইম | ফারসি উপসর্গ + ইংরেজি |
| বেহেড | ফারসি উপসর্গ + ইংরেজি |
| নিটল | বাংলা উপসর্গ + তৎসম |

- **খণ্ডিত শব্দ:** শব্দের কোন একটি অংশ যখন এককভাবে ভাষায় ব্যবহৃত হয় তখন তাকে খণ্ডিত শব্দ বলে।

  যেমন: টেলিফোন > ফোন, কমলা লেবু > কমলা, মাইক্রোফোন > মাইক।

## (খ) শব্দের গঠনমূলক শ্রেণিবিভাগ

বাংলা ভাষার শব্দগুলোকে গঠন অনুসারে দুইভাগে ভাগ করা হয়েছে। যথা: মৌলিক শব্দ ও সাধিত শব্দ।

**ক. মৌলিক শব্দ:** মৌলিক শব্দগুলোই হচ্ছে ভাষার মূল উপকরণ। যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। যেমন: গোলাপ, মা, ফুল, নাক, লাল, তিন, হাত, মাটি, ঢাকা, বাড়ি, পাখি, কালো ইত্যাদি।

**খ. সাধিত শব্দ:** যে সকল শব্দকে বিশ্লেষণ করা হলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায়, সেগুলোকে সাধিত শব্দ বলে। সাধারণত একাধিক শব্দের সমাস হয়ে কিংবা প্রত্যয় বা উপসর্গ যোগ হয়ে সাধিত শব্দ গঠিত হয়ে থাকে। যেমন: গায়ক, প্রহার পরিচালক, গরমিল, সম্পাদকীয়, সংসদ-সদস্য প্রভৃতি। শব্দের দ্বিত্ব করেও সাধিত শব্দ হয়ে থাকে।

যেমন: ফিসফিস, ধুমাধুম।

| | |
|---|---|
| ঘরামি (ঘর + আমি) | ডুবুরি (ডুব্ + উরি) |
| প্রশাসন (প্র + শাসন) | গরমিল (গর + মিল) |
| উপহার (উপ + হার) | প্রহার (প্র + হার) |
| শীতল (শীত + ল) | গৌরব (গুরু + ষ্ণ) |
| নেয়ে (না + ইয়া) | চাঁদমুখ (চাঁদের মতো মুখ) |
| চলন্ত (চল্ + অন্ত) | নীলাকাশ (নীল যে আকাশ) |

## (গ) শব্দের অর্থ অনুসারে শ্রেণিবিভাগ

শব্দার্থ অনুসারে বাংলা ভাষার শব্দসমূহ তিন ভাগে বিভক্ত।
যথা: যৌগিক শব্দ, রূঢ়ি শব্দ, যোগরূঢ় শব্দ।

**ক. যৌগিক শব্দ:** যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম, সেগুলোকে যৌগিক শব্দ বলে।
যেমন: দৌহিত্র, সাংবাদিক, গায়ক, মধুর, মিতালি, জলজ, চিকামারা, বাবুয়ানা, রাধুনী, পিতৃহীন, চালক, পাঠক, পাগলামী ইত্যাদি।

| শব্দ | গঠন | অর্থ |
|---|---|---|
| কর্তব্য | কৃ + তব্য | যা করা উচিত |
| বাবুয়ানা | বাবু + আনা | বাবুর ভাব। |
| মধুর | মধু + র | মধুর মত মিষ্টি গুণযুক্ত। |
| গায়ক | গৈ + ণক (অক) | গান করে যে। |
| দৌহিত্র | দুহিতা + ষ্ণ্য | কন্যার পুত্র, নাতি। |
| লাজুক | লাজ + উক | লজ্জাবোধ করে এমন। |

**যৌগিক শব্দ**

মনে রাখার টেকনিক: মধুর গায়ক কর্তব্য না করে বাবুয়ানার মত ভাব করে রাধুনি দৌহিত্রকে নিয়ে চিকামারাতে গিয়ে দেখল পিতৃহীন চালক পাঠক মিতালী'র সঙ্গে পাগলামি করছে।

**খ. রূঢ়ি শব্দ:** যে সকল শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য বিশিষ্ট অর্থ প্রকাশ করে, তাকে রূঢ়ি শব্দ বলে। যেমন: হস্তী, বাঁশি, তৈল, প্রবীণ, সন্দেশ, হরিণ, পাঞ্জাবী, ঝি ইত্যাদি।

| শব্দ | প্রকৃত অর্থ |
|---|---|
| হস্তী (হস্ত + ইন) | অর্থ: হস্ত আছে যার; কিন্তু হস্তী বলতে একটি পশুকে বোঝায়। |
| গবেষণা (গো+এষণা) | অর্থ: গোরু খোঁজা। কিন্তু গভীরতম অর্থ অধ্যয়ন ও পর্যালোচনা। |
| বাঁশি | বাঁশ দিয়ে তৈরি যে কোনো বস্তু নয়, শব্দটি সুরের বিশেষ বাদ্যযন্ত্র, বিশেষ অর্থে প্রযুক্ত হয়। |
| তৈল | শুধু তিলজাত স্নেহ পদার্থ নয়, শব্দটি যে-কোনো উদ্ভিজ্জ পদার্থজাত স্নেহ পদার্থকে বোঝায়। যেমন: বাদাম তেল। |
| প্রবীণ | শব্দটির অর্থ হওয়া উচিত ছিল প্রকৃষ্টরূপে বীনা বাজাতে পারেন যিনি। কিন্তু শব্দটি অভিজ্ঞতাসম্পন্ন বয়স্ক ব্যক্তি অর্থে ব্যবহৃত হয়। |
| সন্দেশ | শব্দ ও প্রত্যয়গত অর্থে সংবাদ। কিন্তু রূঢ়ি অর্থে মিষ্টান্ন বিশেষ। |
| হরিণ | হরণ করেছে এমন কিছু না বুঝিয়ে একটি প্রাণীকে বোঝায়। |

**রূঢ়ি শব্দ**

মনে রাখার টেকনিক: তেল'এ ভাজা সন্দেশ খেয়ে প্রবীণ লোকটি পাঞ্জাবী পরে ঝি'কে নিয়ে হস্তীর পিঠে ওঠে বাঁশি বাজায় যা গবেষণা করে দেখে হরিণ দ্রুতগামী প্রাণী।

**গ. যোগরূঢ় শব্দ:** সমাস নিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমন: পঙ্কজ, রাজপুত, জলদ, আদিত্য, তুরঙ্গম, চাঁদমুখ, সুহৃৎ ইত্যাদি।

| শব্দ | প্রকৃত অর্থ |
|---|---|
| পঙ্কজ | পঙ্কে জন্মে যা (উপপদ তৎপুরুষ সমাস)। শৈবাল, শালুক, পদ্মফুল প্রভৃতি নানাবিধ উদ্ভিদ পঙ্কে জন্মে থাকে। কিন্তু পঙ্কজ শব্দটি একমাত্র পদ্মফুল অর্থেই ব্যবহৃত হয়। তাই পঙ্কজ একটি যোগরূঢ় শব্দ। |
| রাজপুত | রাজার পুত্র অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দ হিসেবে অর্থ হয়েছে 'জাতিবিশেষ'। |
| মহাযাত্রা | মহাসমারোহে যাত্রা অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দ হিসেবে অর্থ 'মৃত্যু'। |
| জলধি | 'জল ধারণ করে এমন অর্থ পরিত্যাগ করে একমাত্র 'সমুদ্র' অর্থেই ব্যবহৃত হয়। |
| তুরঙ্গম | 'স্ত্রী না থাকলেও যে সংযমী থাকতে পারে বা ইচ্ছে করলেই দৌড়ের বেগ যে বাড়াতে পারে' অর্থ পরিত্যাগ করে শুধু ঘোড়া অর্থে ব্যবহৃত হয়েছে। |

**যোগরূঢ় শব্দ**

মনে রাখার টেকনিক: রাজপুত আদিত্য তুরঙ্গমে চড়ে পঙ্কজ ও সরোজ তোলার উদ্দেশ্যে জলধিতে যাওয়ার জন্য মহাযাত্রার আয়োজন করল।

* **অন্যান্য যোগরূঢ় শব্দ :** সরোজ, আদিত্য।



## এক কথায় উত্তর

**১. অনার্য জাতির ব্যবহৃত শব্দকে কী বলে?**
উত্তর: দেশি শব্দ।

**২. উৎপত্তিগতভাবে বাংলা ভাষার শব্দকে কয়টি ভাগে ভাগ করা হয়েছে?**
উত্তর: ৫ ভাগে।

**৩. যে সব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ অভিন্ন, তাকে কী বলে?**
উত্তর: যৌগিক শব্দ।

**৪. উৎসমূলকভাবে শব্দের শ্রেণি বিভাগ কয়টি?**
উত্তর: ৫টি।

**৫. অর্থমূলকভাবে শব্দ কয়প্রকার?**
উত্তর: ৩ প্রকার।

**৬. যোগরূঢ় শব্দ কোনগুলো-**
উত্তর: পঙ্কজ, রাজপুত, জলধি, তুরঙ্গম প্রভৃতি।

**৭. 'সন্দেশ' কী ধরনের শব্দ?**
উত্তর: রূঢ়ি শব্দ।

**৮. 'কর্তব্য' কী ধরনের শব্দ?**
উত্তর: যৌগিক শব্দ।

৯. 'প্রবীণ' কোন ধরনের শব্দ?
উত্তর: রূঢ়/রূঢ়ি শব্দ।

১০. মৌলিক শব্দ-
উত্তর: গোলাপ, নাক, লাল, তিন, হাত ইত্যাদি।

১১. অর্থ অনুসারে 'হরিণ' কোন ধরনের শব্দ?
উত্তর: রূঢ়ি শব্দ।

১২. 'বাড়ি' শব্দের উৎস কী?
উত্তর: সংস্কৃত শব্দ বাটী।

১৩. এক বা একাধিক বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে কী বলে?
উত্তর: শব্দ।

১৪. 'লুঙ্গি' কোন ভাষার শব্দ?
উত্তর: বর্মি। [বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে 'লুঙ্গি' শব্দটি ফারসি বলা হয়েছে]

১৫. 'শাকসবজি' শব্দটির উৎপত্তি
উত্তর: তৎসম + ফারসি।

১৬. 'চানাচুর' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
উত্তর: হিন্দি।

১৭. 'রুইতন" শব্দটি কোন ভাষা থেকে আগত?
উত্তর: ওলন্দাজ।

১৮. 'চকমক' শব্দটি এসেছে
উত্তর: তুর্কি।

১৯. হরতাল কোন ভাষার শব্দ?
উত্তর: গুজরাটি।

২০. 'তারিখ' কোন ভাষার শব্দ
উত্তর: ফারসি।

২১. গাং শব্দটি
উত্তর: হিন্দি।

২২. 'কুলি' শব্দটি কোন ভাষা থেকে আগত?
উত্তর: তুর্কি।

২৩. 'বাবুর্চি' কোন ভাষার শব্দ?
উত্তর: তুর্কি।

২৪. বাংলা ভাষায় ব্যবহৃত 'লেবু' শব্দটি কোন ভাষা থেকে আগত?
উত্তর: ফারসি।

২৫. 'জানাযা' শব্দটি
উত্তর: বিদেশি।

২৬. 'জানালা' শব্দটি
উত্তর: পর্তুগিজ।

২৭. 'পানি' শব্দটি বাংলা কোন ভাষা থেকে এসেছে?
উত্তর: হিন্দি।

২৮. 'নামায' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
উত্তর: ফারসি।

২৯. 'খিদে' কোন ধরনের শব্দ?
উত্তর: অর্ধ-তৎসম।

৩০. 'চকলেট' কোন দেশের ভাষার শব্দ?
উত্তর: মেক্সিকান।

৩১. 'খোদা' শব্দটি কোন ভাষার শব্দ?
উত্তর: ফারসি।

৩২. 'খ্রিস্টাব্দ' হচ্ছে-
উত্তর: মিশ্র শব্দ।

৩৩. তদ্ভব-এর অর্থ হলো-
উত্তর: তার থেকে উৎপন্ন।

৩৪. 'হাটবাজার' কোন কোন ভাষার শব্দ নিয়ে গঠিত?
উত্তর: বাংলা ও ফারসি।

৩৫. 'ম্যালেরিয়া' কোন ভাষার শব্দ?
উত্তর: ইংরেজি।

৩৬. 'হরতন' কোন ভাষার শব্দ?
উত্তর: ওলন্দাজ।

৩৭. 'ডাক্তার বাবু' কোন শ্রেণির শব্দ?
উত্তর: মিশ্র।

৩৮. যেসব শব্দ মূল অর্থ প্রকাশ না করে অন্য বিশিষ্ট অর্থ প্রকাশ করে তাকে কী বলে?
উত্তর: রূঢ়ি শব্দ।

৩৯. 'মিতালি' কোন প্রকৃতির শব্দ?
উত্তর: যৌগিক।

৪০. চা, লিচু, লুচি কোন জাতীয় শব্দ?
উত্তর: চৈনিক।

৪১. 'পাউরুটি' কোন ভাষার শব্দ?
উত্তর: পর্তুগিজ।

৪২. 'ইংরেজ' কোন ভাষার শব্দ?
উত্তর: পর্তুগিজ।

৪৩. 'আলকাতরা' শব্দটি কোন ভাষা থেকে আগত?
উত্তর: পর্তুগিজ।

৪৪. 'রেস্তোরাঁ কোন ভাষার শব্দ?
উত্তর: ফরাসি।

৪৫. বাংলা ভাষায় সবচেয়ে বেশি শব্দ এসেছে?
উত্তর: ফারসি থেকে।

৪৬. চন্দ্র শব্দের তদ্ভব রূপ-
উত্তর: চাঁদ।

৪৭. বাংলা ভাষায় ব্যবহৃত 'টুপি' শব্দটি কোন দেশীয়?
উত্তর: পর্তুগিজ।

৪৮. 'রিকসা' কোন ভাষার শব্দ?
উত্তর: জাপানি।

৪৯. শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রাংশকে বলা হয়?
উত্তর: রূপ।

৫০. চাঁদ + মুখ কোন ধরনের শব্দ?
উত্তর: যোগরূঢ় শব্দ।

৫১. 'সুহৃদ' কি ধরনের শব্দ
উত্তর: যোগরূঢ় শব্দ।

৫২. বাংলা ভাষার শব্দ সম্ভারে বিদেশি শব্দ কত ভাগ এসেছে?
উত্তর: ৮%।

৫৩. 'ধুম্র' শব্দটি কোন শ্রেণিভুক্ত?
উত্তর: তৎসম।

৫৪. 'শাড়ি' শব্দের উৎস
উত্তর: 'সংস্কৃত শাটী'।

৫৫. "ওরে, বাছা মাতৃকোষে রতনের রাজি" বাছা শব্দটি
উত্তর: তদ্ভব।

৫৬. গেরাম কোন জাতীয় শব্দ?
উত্তর: অর্ধ-তৎসম।

৫৭. 'কৃষ্ণ'-এর অর্ধ-তৎসম শব্দ কোনটি?
উত্তর: কেষ্ট।

**৫৮. Boron এবং Zirconium নাম দুটি কোন ভাষা থেকে এসেছে?**
**উত্তর:** আরবি।

**৫৯. 'বকলম' শব্দটি বাংলা ভাষায় এসেছে?**
**উত্তর:** আরবি ভাষা থেকে।

**৬০. 'জঙ্গল' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
**উত্তর:** ফারসি।

**৬১. 'সোয়া' শব্দটি কোন ভাষা থেকে আগত?**
**উত্তর:** ফারসি।

**৬২. 'আঁতাত' শব্দটি কোন ভাষা থেকে আগত?**
**উত্তর:** ফরাসি।

**৬৩. 'পুলিশ' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
**উত্তর:** ইংরেজি।

**৬৪. 'খিস্তিখেউড়' কোন ভাষার শব্দ?**
**উত্তর:** বাংলা।

## Teacher's Work

**১. 'আসমান' কোন ভাষা থেকে আগত শব্দ?** [৪৩তম বিসিএস]
ক) পর্তুগিজ খ) ফরাসি
গ) আরবি ঘ) ফারসি **ঘ**

**২. 'গীর্জা' কোন ভাষার অন্তর্গত শব্দ?** [৪০তম বিসিএস]
ক) ফারসী খ) পর্তুগিজ
গ) ওলন্দাজ ঘ) পাঞ্জাবী **খ**

**৩. 'জোছনা' কোন শ্রেণির শব্দ?** [৪০তম বিসিএস]
ক) যৌগিক খ) তৎসম
গ) দেশী ঘ) অর্ধ-তৎসম **ঘ**

# লিঙ্গ প্রকরণ

লিঙ্গ শব্দটির অর্থ চিহ্ন। সংস্কৃত লিঙ্গ শব্দটির ব্যুৎপত্তি এরকম, লিঙ্ + অ = লিঙ্গ। লিঙ্গ শব্দের বিশেষ অর্থ থাকলেও ব্যাকরণে এটি শব্দের শ্রেণিবিশেষ বোঝাতে ব্যবহৃত হয়। একটি শব্দ স্ত্রীবাচক, পুরুষবাচক অথবা স্ত্রী বা পুরুষ কোনোটাই না হলে ক্লীববাচকও হতে পারে।

বাংলা ভাষায় প্রধানত বিশেষ্য পদেরই লিঙ্গের পার্থক্য হয়। কেবল প্রাণীর মধ্যে স্ত্রী পুরুষের ভেদ রয়েছে। প্রাণী হয় পুরুষ না হয় স্ত্রী, যারা প্রাণী নয় তাদের পুরুষ ও স্ত্রী নেই, তারা ক্লীব অপর কোনো কোনটি পুরুষ ও স্ত্রী দুটিই বোঝায়। এদিক থেকে বিচার করে বাংলা ব্যাকরণে বিশেষ্য পদের চার প্রকার লিঙ্গ স্বীকার করা হয়েছে–

১. পুংলিঙ্গ ২. স্ত্রীলিঙ্গ
৩. ক্লীবলিঙ্গ ৪. উভয়লিঙ্গ

## ১. পুংলিঙ্গ

যে সকল নামবাচক শব্দের দ্বারা পুরুষ বোঝায়, তাদের পুংলিঙ্গ বলে। যেমন– বাবা, কাকা, দাদা, ছেলে, প্রবীণ, কিশোর ইত্যাদি।

## ২. স্ত্রীলিঙ্গ

যে সকল নামবাচক শব্দের দ্বারা স্ত্রী বোঝায়, তাদের স্ত্রীলিঙ্গ বলে।
যেমন: মা, কাকি, দাদি, নানি, প্রবীণা, কিশোরী ইত্যাদি।

## ৩. ক্লীবলিঙ্গ

যে সকল নামবাচক শব্দের দ্বারা পুরুষ বা স্ত্রী কোনটাই বোঝায় না, তাদের ক্লীবলিঙ্গ বলে।
যেমন: গাছ, পাহাড়, পর্বত, ফল, টেবিল, বই ইত্যাদি।

## ৪. উভয়লিঙ্গ

উপর্যুক্ত তিনটি লিঙ্গ ছাড়াও ব্যাকরণে আরেকটি লিঙ্গ স্বীকৃত, তা হলো উভয়লিঙ্গ। এগুলো স্ত্রী, পুরুষ উভয়ই বোঝায়।
যেমন: শিশু, কবি, ডাক্তার, শিল্পী ইত্যাদি।
বাংলা ভাষায় বিশেষণ পদের কোনো লিঙ্গ হয় না। তবে, অনেক সময় বিশেষ্যের লিঙ্গ অনুযায়ী লিঙ্গ হয়ে থাকে। যেমন:

| পুংলিঙ্গ বিশেষণ | স্ত্রীলিঙ্গ বিশেষণ |
|---|---|
| জ্যেষ্ঠ পুত্র | জ্যেষ্ঠা কন্যা |
| মুহতারাম, জনাব | মুহতারামা, জনাবা |
| মাননীয় | মাননীয়া |
| বুদ্ধিমান বালক | বুদ্ধিমতী বালিকা |
| শিক্ষিত ভদ্রলোক | শিক্ষিতা ভদ্রমহিলা |

## লিঙ্গ পরিবর্তন বা লিঙ্গান্তর

### (ক) প্রত্যয়যোগে লিঙ্গ পরিবর্তনের নিয়মাবলি

**১. অ-কারান্তে পুংলিঙ্গের শেষে 'আ' যোগ করে লিঙ্গ পরিবর্তন হয়।**

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| সভ্য | সভ্যা | নবীন | নবীনা | বরণীয় | বরণীয়া |
| বৃদ্ধ | বৃদ্ধা | শিষ্য | শিষ্যা | চপল | চপলা |
| প্রিয় | প্রিয়া | মনোহর | মনোহরা | ক্রৌঞ্চ | ক্রৌঞ্চা |
| মাননীয় | মাননীয়া | উত্তম | উত্তমা | কনিষ্ঠ | কনিষ্ঠা |
| মলিন | মলিনা | সহোদর | সহোদরা | জ্যেষ্ঠ | জ্যেষ্ঠা |
| দ্বিতীয় | দ্বিতীয়া | কৃপণ | কৃপণা | প্রাচীন | প্রাচীনা |
| প্রিয়তম | প্রিয়তমা | জীবিত | জীবিতা | কৃশ | কৃশা |
| ক্ষত্রিয় | ক্ষত্রিয়া | অশ্ব | অশ্বা | কমণীয় | কমণীয়া |

**২. অ এবং আ-কারান্ত পুংলিঙ্গ বিশেষ্য পদের শেষে 'ঈ'-কার যোগ করে স্ত্রীলিঙ্গ করা হয়।**

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| তরুণ | তরুণী | মানব | মানবী | রজক | রজকী |
| ষোড়শ | ষোড়শী | স্নেহময় | স্নেহময়ী | কর্তা | কর্ত্রী |
| দেব | দেবী | সুন্দর | সুন্দরী | নেতা | নেত্রী |
| নর্তক | নর্তকী | শূকর | শূকরী | পাগল | পাগলী |
| দাতা | দাত্রী | মামা | মামী | হরিণ | হরিণী |
| শঙ্কর | শঙ্করী | ঈশ্বর | ঈশ্বরী | মৎস্য | মৎসী |
| পিতামহ | পিতামহী | নদ | নদী | বুদ্ধিমান | বুদ্ধিমতী |
| ছোড়া | ছোড়ী | তাপস | তাপসী | মৃন্ময় | মৃন্ময়ী |

৩. পুংলিঙ্গ শব্দের শেষে অক্ থাকলে অক্ -কে ইক করে নিয়ে তার শেষে আ-প্রত্যয় যোগ করে স্ত্রীলিঙ্গ করতে হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| গায়ক | গায়িকা | প্রেরক | প্রেরিকা | নায়ক | নায়িকা |
| বাহক | বাহিকা | পাচক | পাচিকা | সাধক | সাধিকা |
| সম্পাদক | সম্পাদিকা | অধ্যাপক | অধ্যাপিকা | প্রচারক | প্রচারিকা |
| পালক | পালিকা | গ্রাহক | গ্রাহিকা | শিক্ষক | শিক্ষিকা |
| অভিভাবক | অভিভাবিকা | ভক্ষক | ভক্ষিকা | চালক | চালিকা |

৪. কতগুলো পুংলিঙ্গের শেষে 'আনী' যোগ করে স্ত্রীলিঙ্গ করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| অরণ্য | অরণ্যানী | মাতুল | মাতুলানী | চাকর | চাকরানী |
| মেথর | মেথরানী | চৌধুরী | চৌধুরানী | মোগল | মোগলানী |
| ব্রহ্ম | ব্রহ্মাণী | পণ্ডিত | পণ্ডিতানী | নাপিত | নাপিতানী |
| উপাধ্যায় | উপাধ্যায়ানী | বন | বনানী | শূদ্র | শূদ্রানী |

৫. কতকগুলো পুংলিঙ্গ শব্দের শেষে 'ইনী' প্রত্যয় যোগ করে স্ত্রীলিঙ্গ করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| অভাগা | অভাগিনী | মাতঙ্গ | মাতঙ্গিনী | সাপ | সাপিনী |
| কাঙাল | কাঙালিনী | পাগল | পাগলিনী | সঙ্গী | সঙ্গিনী |
| গোপ | গোপিনী | বিহঙ্গ | বিহঙ্গিনী | সন্ন্যাস | সন্ন্যাসিনী |
| বাঘ | বাঘিনী | চাতক | চাতকিনী | শ্বেতাঙ্গ | শ্বেতাঙ্গিনী |
| রজক | রজকিনী | ভিখারী | ভিখারিনী | মালী | মালিনী |

৬. কতগুলো পুংলিঙ্গ শব্দের শেষে 'নী' প্রত্যয় যোগে স্ত্রীলিঙ্গ হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| ভিখারী | ভিখারিনী | কৃষাণ | কৃষাণী | ধোপা | ধোপানী |
| মায়াবী | মায়াবিনী | অভাগা | অভাগিনী | বেদে | বেদেনী |
| দুঃখী | দুঃখিনী | যশস্বী | যশস্বিনী | জেলে | জেলেনী |
| বিদেশি | বিদেশিনী | ডাক্তার | ডাক্তারনী | প্রেত | প্রেতনী |
| নাতি | নাতনি | ননদাই | ননদিনী | কুমার | কুমারনী |

৭. ভিন্ন শব্দ ব্যবহার করে লিঙ্গান্তর বা লিঙ্গ পরিবর্তন:

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| বাদশা | বেগম | পুরুষ/নর | নারী | কুলি | কামিন |
| বর | কনে | চাকর | ঝি | ভাই | ভাবী/বোন |
| স্বামী | স্ত্রী | সম্রাট | সম্রাজ্ঞী | দেবর | ননদ/জা |
| খালু | খালা | সাধু | সাধ্বী | বিপত্নীক | বিধবা |
| লর্ড | লেডি | ভূত | পেত্নী | পুত্র | কন্যা |
| দুলহা | দুলহিন | ফুফা | ফুফু | খানসামা | আয়া |
| বিদ্বান | বিদুষী | খান | খানম | আব্বা | আম্মা |
| এঁড়ে | বকনা | শুক | শারি | গোলাম | বাঁদী |

৮. 'বান', 'মান', 'আন', স্থলে 'অতী' 'ঈয়সী' প্রত্যয়যোগে লিঙ্গান্তর করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| বিদ্যাবান | বিদ্যাবতী | ভূয়ান | ভূয়সী | জ্ঞানবান | জ্ঞানবতী |
| মহিয়ান | মহীয়সী | শ্রীমান | শ্রীমতী | শ্রেয়ান | শ্রেয়সী |
| মতিমান | মতিময়ী | গরিয়ান | গরীয়সী | | |

৯. পুংলিঙ্গ শব্দের শেষে 'ন' প্রত্যয় যোগে স্ত্রীলিঙ্গ করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| নাতী | নাতনি | ঠাকুর | ঠাকরুণ |

১০. পুংলিঙ্গ শব্দের শেষে 'আইন' প্রত্যয় যোগে লিঙ্গান্তর করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| বেয়াই | বেয়াইন | হুজুর | হুজুরাইন | দুলহা | দুলহাইন |

১১. পুংলিঙ্গ শব্দের শেষে 'বিনী' যোগ করে স্ত্রীলিঙ্গ করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| তেজস্বী | তেজস্বিনী | ওজস্বী | ওজস্বিনী | মায়াবী | মায়াবিনী |
| মেধাবী | মেধাবিনী | পয়স্বী | পয়স্বিনী | যশস্বী | যশস্বিনী |

১২. কর্তা, দাতা ইত্যাদি পুংলিঙ্গকে অর্থাৎ 'ত' কে 'ত্রী' যোগ করে স্ত্রীলিঙ্গ করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| দাতা | দাত্রী | কর্তা | কর্ত্রী | শিক্ষাদাতা | শিক্ষাদাত্রী |
| ধাতা | ধাত্রী | অভিনেতা | অভিনেত্রী | বিধাতা | বিধাত্রী |

১৩. পুংলিঙ্গবাচক শব্দের শেষে প্রযুক্ত অস, অৎ, বান, বিন, চর, ইক, নয়, দৃশ, ঈশ শব্দাবলির শেষে 'ঈ' যোগ করে স্ত্রীলিঙ্গ করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|---|---|
| গরীয়ান | গরীয়সী | জলচর | জলচরী | আয়ুষ্মান | আয়ুষ্মতী |
| প্রেয়স | প্রেয়সী | ধীমান | ধীমতী | তাদৃশ | তাদৃশী |
| দয়াময় | দয়াময়ী | হিতকর | হিতকরী | মধুকর | মধুকরী |
| মায়াবিন | মায়াবিনী | মানিন | মানিনী | শুভঙ্কর | শুভঙ্করী |
| মহৎ | মহতী | সৎ | সতী | বলবৎ | বলবতী |
| বৃহৎ | বৃহতী | খেচর | খেচরী | ভগবৎ | ভগবতী |

১৪. পুরুষবাচক শব্দের আগে অথবা পরে স্ত্রীবাচক শব্দ যোগ করে স্ত্রীলিঙ্গ করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| শিল্পী | নারী শিল্পী | সৈন্য | মহিলা সৈন্য |
| ভাই | ভাই-বৌ | প্রতিনিধি | মহিলা প্রতিনিধি |
| নাতি | নাত-বৌ | ভাগনে | ভাগনে-বৌ |

১৫. শব্দের আগে বা পরে পুরুষবাচক ও স্ত্রীবাচক শব্দ বসিয়ে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ করা হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| এঁড়ে বাছুর | বকনা বাছুর | ষাঁড় গরু | গাই গরু |
| বেটা ছেলে | মেয়ে ছেলে | মর্দা উট | মাদী উট |
| হুলো বিড়াল | মেনী/মাদী বিড়াল | পুরুষ মানুষ | মেয়ে মানুষ |

১৬. কতকগুলো পুরুষবাচক শব্দের একাধিক স্ত্রীলিঙ্গ হয়।

| পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ | পুংলিঙ্গ | স্ত্রীলিঙ্গ |
|---|---|---|---|
| দেবর | ননদ, জা | ভাই | বোন, ভাবী |
| পুত্র | কন্যা, পুত্রবধূ | বন্ধু | বান্ধবী, বন্ধুপত্নী |
| দাদা | দাদি,বৌদি | শিক্ষক | শিক্ষিকা, শিক্ষয়িত্রী |

(খ) বিশেষ নিয়মে সাধিত স্ত্রীবাচক শব্দ

১. যেসব পুরুষবাচক শব্দের শেষে 'তা' রয়েছে, স্ত্রীবাচক বোঝাতে সেসব শব্দে 'ত্রী' হয়।
যেমন: নেতা-নেত্রী, কর্তা-কর্ত্রী, শ্রোতা-শ্রোত্রী, ধাতা-ধাত্রী ইত্যাদি।

২. পুরুষবাচক শব্দের শেষে অত্, মান্, ঈয়ান থাকলে যথাক্রমে অতী, বতী, মতি, ঈয়সী হয়। যেমন:

| পুরুষবাচক | স্ত্রীবাচক | পুরুষবাচক | স্ত্রীবাচক |
|---|---|---|---|
| মহৎ | মহতী | সৎ | সতী |
| রূপবান | রূপবতী | শ্রীমান | শ্রীমতি |
| গুণবান | গুণবতী | বুদ্ধিমান | বুদ্ধিমতী |



**৩. কোন কোন পুরুষবাচক শব্দ থেকে বিশেষ নিয়মে স্ত্রীবাচক শব্দ গঠিত হয়।**
যেমন:

| পুরুষবাচক | স্ত্রীবাচক | পুরুষবাচক | স্ত্রীবাচক |
|---|---|---|---|
| নর | নারী | বন্ধু | বান্ধবী |
| সম্রাট | সম্রাজ্ঞী | যুবক | যুবতী |
| শিক্ষক | শিক্ষয়ত্রী | স্বামী | স্ত্রী |
| পতী | পত্নী | শ্বশুর | শ্বশ্রূ |

**৪. বিদেশি স্ত্রীবাচক শব্দ**

| পুরুষবাচক | স্ত্রীবাচক | পুরুষবাচক | স্ত্রীবাচক |
|---|---|---|---|
| মুহ্‌তারিম | মুহ্‌তারিমা | সুলতান | সুলতানা |
| খান | খানম | মরদ | জেনানা |
| মালেক | মালেকা | সাহেব | মেম |

➲ **নিত্য পুরুষবাচক শব্দ:** বিপত্নী, সভাপতি, কৃতদার, ঢাকী।

➲ **নিত্য স্ত্রীবাচক শব্দ:** সধবা, বিধবা, সৎমা, সতীন, সজনী, অঙ্গনা, ললনা, রুপসী ডাইনী, পেত্নী, শাকচুন্নী, দাই, এয়ো।

➲ **উভয়লিঙ্গ শব্দ:** সন্তান, মন্ত্রী, ঋষি, ফৌজ, সৈন্য, পুলিশ, শিশু, হাতী, মানুষ, গরু, আমি, তুমি, তুই, আপনি, সে, তিনি, ইনি, উনি, জল, পাখি।

### ➲ লিঙ্গ সম্পর্কিত কতিপয় ধারণা

১. পুরুষবাচক শব্দের সাথে ঈ থাকলে স্ত্রীবাচক শব্দে নী এবং আগের 'ঈ' 'ই' হয়।
যেমন: ভিখারী-ভিখারিনী, মালী-মালিনী।

২. অক-অন্ত স্থানে স্ত্রী লিঙ্গে 'ইকা' হয় যেমন: গায়ক-গায়িকা, লেখক-লেখিকা, পাঠক-পাঠিকা।

৩. ই প্রত্যয় যুক্ত হলে স্ত্রী লিঙ্গে শব্দের অন্ত য-ফলা (্য) লোপ পায়। যেমন: মনুষ্য-মনুষী, মৎস্য-মৎসী, মাধুর্য-মাধুর্যী।

৪. ইন ও বিন - অন্ত শব্দের স্ত্রী লিঙ্গে ঈ-(প্রসারে ইনী) হয়। যেমন- গুণিন > গুণী-গুণিনী, মায়াবিন > মায়াবী-মায়াবিনী, তেজস্বীন > তেজস্বী-তেজস্বিনী।

৫. জায়া অর্থে 'ভব' শব্দের স্ত্রী লিঙ্গে আনী হয় যেমন- ভব-ভবানী, শিব-শিবানী।

৬. কতগুলো শব্দের আগে পুরুষবাচক বা স্ত্রীবাচক শব্দ যোগ করে লিঙ্গান্তর করা হয়। যেমন–পুরুষলোক-মেয়েলোক, বেটাছেলে-মেয়েছেলে, মদ্দা হাঁস-মাদী হাঁস।

৭. কতগুলো পুরুষবাচক শব্দের আগে স্ত্রীবাচক শব্দ যোগ করে স্ত্রীবাচক করা হয়। যেমন: কবি-মহিলা কবি, ডাক্তার – মহিলা ডাক্তার, কর্মী-মহিলা কর্মী।

৮. কতগুলো পুরুষবাচক শব্দের সাথে তা থাকলে স্ত্রী বাচকতায় ত্রী হয়। যেমন: নেতা-নেত্রী, শ্রোতা-শ্রোত্রী, ধাতা-ধাত্রী।

৯. কতগুলো শব্দের শেষে পুরুষ বা স্ত্রীবাচক শব্দযোগে লিঙ্গান্তর করা হয়। যেমন- বোন পো-বোন ঝি, ঠাকুরদা-ঠাকুর মা, ঠাকুর পো-ঠাকুর ঝি।

**নিত্য স্ত্রীবাচক শব্দ**

সধবা হউক আর বিধবা হউক স্বপত্নী হওয়া
সত্বেও সতীনেরা একে অন্যকে শাঁকচুন্নি
ডাইনি, বাইজি, কলঙ্কিনী ও কুলটা গালি দেয়।
এদিকে অসূর্যম্পশ্যা শাঁখিনী অন্তঃস্বত্তা
তাই সৎমা এঁয়ো দাই খুঁজতে গেলো।
শাঁখিনীর মা বলল, "সুজলা সুফলা রূপসী বাংলার ললনারা অরক্ষণীয়া"।
তাই খাটি অর্ধাঙ্গিনী পেলে ললনাদের সুরক্ষা করা উচিত।



## এক কথায় উত্তর

**১. লিঙ্গ শব্দের অর্থ কী?**
**উত্তর:** চিহ্ন।

**২. লিঙ্গ কয় প্রকার?**
**উত্তর:** ৪ প্রকার।

**৩. অক-অন্ত স্থানে স্ত্রী লিঙ্গ কী হয়?**
**উত্তর:** 'ইকা'। যেমন- পাঠক-পাঠিকা।

**৪. 'সারী' শব্দটির পুংলিঙ্গ বাচক শব্দ কোনটি?**
**উত্তর:** 'শুক'।

**৫. 'কুলি' শব্দের বিপরীত লিঙ্গ কী?**
**উত্তর:** কামিন।

**৬. 'নাটক' শব্দের স্ত্রীলিঙ্গ শব্দ কী?**
**উত্তর:** নাটিকা।

**৭. 'সুকণ্ঠ' শব্দের বিপরীত লিঙ্গ কী?**
**উত্তর:** সুকণ্ঠী/সুকণ্ঠা।

**৮. 'ঘোষ' শব্দের বিপরীত লিঙ্গ কী হবে?**
**উত্তর:** ঘোষজা/ঘোষজায়া (স্ত্রী)।

**৯. 'খানসামা' শব্দটি কোন লিঙ্গ?**
**উত্তর:** পুংলিঙ্গ।

**১০. 'খান' শব্দটির স্ত্রীবাচক শব্দ কী?**
**উত্তর:** খানম।

**১১. 'জেনানা' শব্দের বিপরীত লিঙ্গ কী?**
**উত্তর:** মরদ।

**১২. 'কল্যাণবরেষু' শব্দটির স্ত্রীলিঙ্গ কী হবে?**
**উত্তর:** কল্যাণবরাসু।

**১৩. 'গোলাম' শব্দের বিপরীত লিঙ্গ কী?**
**উত্তর:** বাঁদী।

**১৪. 'বিদ্বান' শব্দের বিপরীত লিঙ্গ কী?**
**উত্তর:** বিদুষী।

**১৫. নিত্য পুরুষবাচক শব্দ-**
**উত্তর:** বিপত্নী, সভাপতি, কৃতদার, ঢাকী প্রভৃতি।

**১৬. নিত্য স্ত্রীবাচক শব্দ-**
**উত্তর:** সধবা, বিধবা, সতীন, দাই, এয়ো, সৎমা প্রভৃতি।

**১৭. উভয়লিঙ্গবাচক শব্দ-**
**উত্তর:** সন্তান, মন্ত্রী, ঋষি, ফৌজ, সৈন্য প্রভৃতি।

**১৮. 'শ্বশ্রূ' কোন ধরনের শব্দ?**
**উত্তর:** স্ত্রীবাচক শব্দ।

**১৯. 'শ্রেয়সী' শব্দের বিপরীত লিঙ্গ কী হবে?**
**উত্তর:** শ্রেয়ান।

**২০. 'মৃন্ময়ী' শব্দের বিপরীত লিঙ্গ কী?**
**উত্তর:** মৃন্ময়।

**২১. 'বকনা' শব্দের পুংলিঙ্গ কী?**
**উত্তর:** এঁড়ে।

**২২. 'চতুর্দশ' শব্দের বিপরীত লিঙ্গ কী?**
**উত্তর:** চতুর্দশী।

**২৩. 'রজকী' শব্দের পুংলিঙ্গ কী?**
**উত্তর:** রজক।

**২৪. 'একাঙ্ক' শব্দের বিপরীত লিঙ্গ কী?**
**উত্তর:** একাঙ্কিকা।

**২৫. 'ক্রৌঞ্চ' শব্দের স্ত্রীলিঙ্গ কী হবে?**
**উত্তর:** ক্রৌঞ্চা।



## Teacher's Work

**১. নারীকে সম্বোধনের ক্ষেত্রে প্রযোজ্য হবে-** [২৩তম বিসিএস]
ক) কল্যাণীয়েষু খ) সুচরিতেষু গ) শ্রদ্ধাস্পদাসু ঘ) প্রীতিভাজনেষু — গ

**২. কোনটির লিঙ্গান্তর হয় না?** [১৮তম বিসিএস]
ক) বেয়াই খ) সাহেব গ) কবিরাজ ঘ) সঙ্গী — গ

**৩. কোনটির দুটি পুরুষবাচক শব্দ আছে?** [১৮তম বিসিএস]
ক) ননদ খ) আয়া গ) প্রিয়া ঘ) শিষ্য — ক



## Unique Question for Student Practice

**১. অর্থবোধক ধ্বনিকে বলা হয়-**
ক) বাক্য খ) উপসর্গ
গ) শব্দ ঘ) প্রত্যয় — গ

**২. শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রাংশকে বলা হয়?**
ক) রূপ খ) বাক্য
গ) শব্দাংশ ঘ) অর্থ — ক

**৩. 'বিধবা' শব্দের বিপরীত লিঙ্গ কী-**
ক) বহুপত্নীক খ) সধবা
গ) বিপত্নীক ঘ) অধবা — গ

**৪. বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বাংলা ভাষার শব্দসমূহকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়-**
ক) ৫ প্রকার খ) ৪ প্রকার
গ) ৩ প্রকার ঘ) ২ প্রকার — গ

**৫. গঠন অনুসারে শব্দ কয় প্রকার?**
ক) তিন খ) দুই
গ) পাঁচ ঘ) চার — খ

**৬. কোন শব্দকে বিশ্লেষণ করা যায় না-**
ক) যৌগিক শব্দ খ) যোগরূঢ় শব্দ
গ) রূঢ়ি শব্দ ঘ) মৌলিক শব্দ — ঘ

**৭. কোনটি মৌলিক শব্দ?**
ক) লোনা খ) ডিঙ্গা
গ) ফুল ঘ) ঢাকা — গ

**৮. যেসব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ অভিন্ন, তাকে বলে-**
ক) যৌগিক শব্দ খ) যোগরূঢ় শব্দ
গ) রূঢ়ি শব্দ ঘ) মৌলিক শব্দ — ক

**৯. 'মিতালি' কোন প্রকৃতির শব্দ?**
ক) যৌগিক খ) রূঢ়ি
গ) যোগরূঢ় ঘ) অব্যয় — ক

**১০. বাংলা ভাষার শব্দসম্ভার বিদেশি শব্দ কত ভাগ এসেছে?**
ক) ৫% খ) ৮%
গ) ১০% ঘ) ১২% — ক

**১১. বাংলা ভাষায় সবচেয়ে বেশি শব্দ এসেছে-**
ক) আরবি থেকে খ) হিন্দি থেকে
গ) উর্দু থেকে ঘ) ফারসি থেকে — ঘ

**১২. তৎসম শব্দ বলতে কী বোঝায়?**
ক) তদ্ভব শব্দ খ) দ্বিরুক্তি
গ) সংস্কৃত শব্দ ঘ) কৃদন্ত শব্দ — গ

**১৩. সংস্কৃত ভাষা থেকে যেসব শব্দ সোজাসুজি বাংলায় এসেছে ও যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে কী বলে?**
ক) দেশি শব্দ খ) অর্ধ-তৎসম শব্দ
গ) তৎসম শব্দ ঘ) তদ্ভব শব্দ — গ

**১৪. কোনটি তৎসম শব্দ?**
ক) হস্ত খ) চেয়ার
গ) আনারস ঘ) টেবিল — ক

**১৫. নিচের কোন শব্দটি তৎসম শব্দ?**
ক) জীবন খ) গোয়ালা
গ) পেট ঘ) ডিঙ্গি — ক

**১৬. তৎসম শব্দ কোনটি?**
ক) বৈষ্ণব খ) পেট
গ) চামার ঘ) ঈমান — ক

**১৭. নিচের কোনটি তৎসম শব্দ?**
ক) চাঁদ খ) ভবন
গ) বালতি ঘ) হরতাল — খ

**১৮. কোনটি তৎসম শব্দ?**
ক) চা খ) চেয়ার
গ) কান ঘ) ধর্ম — ঘ

**১৯. কোনটি তৎসম শব্দের উদাহরণ?**
ক) মোক্তার খ) চাহিদা
গ) ক্ষেত্র ঘ) জ্যোৎস্না — ঘ

**২০. বাংলা ব্যাকরণে কোন পদ সংস্কৃতের লিঙ্গের নিয়ম মানে না?**
ক) বিশেষণ খ) অব্যয়
গ) সর্বনাম ঘ) বিশেষ্য — খ

**২১. 'শুক' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?**
ক) সুখী খ) শারী
গ) কুকী ঘ) শুকা — খ

**২২. 'অরণ্য' এর লিঙ্গান্তর কী?**
ক) আরণ্য খ) অরণী
গ) অরণ্য ঘ) অরণ্যানী — ঘ

**২৩. 'বাদশাহ' এর স্ত্রীলিঙ্গ কোনটি?**
ক) রানী খ) বাদশানী
গ) বেগম ঘ) সম্রাজ্ঞী — গ

**২৪. 'কুলি' শব্দের স্ত্রীবাচক শব্দ কোনটি?**
ক) মহিলা কুলি খ) কুলিনী
গ) কামিন ঘ) কামিনী — গ

**২৫. 'দেবর' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি?**
ক) নন্দাই খ) ননদ
গ) ভাবী ঘ) দেবী — খ

**২৬. যোগরূঢ় শব্দের উদাহরণ কোনটি?**
ক) জলদ খ) জলজ
গ) বনজ ঘ) সহজ — ক

**২৭. সুহৃদ কী ধরনের শব্দ?**
ক) মৌলিক খ) রূঢ়ি
গ) যোগরূঢ় ঘ) যৌগিক — গ

**২৮. কোনটি রূঢ়ি শব্দ?**
ক) জলধি খ) মধুর
গ) কর্তব্য ঘ) প্রবীণ — ঘ

**২৯. যোগরূঢ় শব্দ কোনটি?**
ক) নদী খ) ঝরণা
গ) জলধি ঘ) পাথার — গ

**৩০. নিচের কোনটি যোগরূঢ় শব্দ?**
ক) দৌহিত্র খ) বাঁশি
গ) তুরঙ্গম ঘ) তৈল — গ

**৩১. অর্থ অনুসারে 'হরিণ' কোন ধরণের শব্দ?**
ক) যৌগিক খ) মৌলিক
গ) যোগরূঢ় ঘ) রূঢ়ি — ঘ

**৩২. মৌলিক শব্দ কোনটি?**
ক) শ্রবণ খ) পাঠক
গ) পরিষ্কার ঘ) কালো — ঘ

**৩৩. 'লাজুক' কোন ধরনের শব্দ?**
ক) মৌলিক খ) রূঢ়ি
গ) যোগরূঢ় ঘ) যৌগিক — ঘ

**৩৪. কোনটি যৌগিক শব্দ?**
ক) তৈল খ) রেশম
গ) দৌহিত্র ঘ) মহাযাত্রা — গ

**৩৫. 'চাঁদ' কোন শ্রেণির শব্দ?**
ক) তৎসম খ) অর্ধ-তৎসম
গ) তদ্ভব ঘ) দেশি — গ

**৩৬. নিচের কোন শব্দটি তদ্ভব?**
ক) হাত খ) কর্তা
গ) মৎস্য ঘ) কার্য — ক

**৩৭. 'পাখি' কোন ধরনের শব্দ?**
ক) সংস্কৃত খ) বিদেশি
গ) তদ্ভব ঘ) অপভ্রংশ — গ

**৩৮. কোনটি তদ্ভব শব্দ নয়?**
ক) বের খ) নাচ
গ) দুই ঘ) পুস্তক — ঘ

**৩৯. কোনটি তদ্ভব শব্দের উদাহরণ?**
ক) মই খ) জোছনা
গ) পাতা ঘ) কাগজ — গ

**৪০. 'ওরে, বাছা মাতৃকোষে রতনের রাজি'- 'বাছা' শব্দটি?**
ক) তৎসম খ) তদ্ভব
গ) দেশি ঘ) অর্ধ-তৎসম — খ

**৪১. 'মা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
ক) ল্যাটিন খ) আরবি
গ) হিন্দি ঘ) তদ্ভব — ঘ

**৪২. 'খিদে' কোন ধরনের শব্দ?**
ক) তৎসম খ) অর্ধ-তৎসম
গ) দেশি ঘ) তদ্ভব — খ

**৪৩. নিচের কোনটি অর্ধ-তৎসম শব্দ?**
ক) গিন্নি খ) হস্ত
গ) গঞ্জ ঘ) তসবি — ক

**৪৪. কোনটি দেশি শব্দ?**
ক) গিন্নি খ) কৃপণ
গ) টোপর ঘ) মাথা — গ

**৪৫. 'কুঁড়ি' কোন শ্রেণির শব্দ?**
ক) তৎসম খ) তদ্ভব
গ) দেশি ঘ) বিদেশি — গ

**৪৬. নিচের কোন শব্দের লিঙ্গান্তর হয় না?**
ক) রাঁধুনি খ) সতীন
গ) কবি ঘ) আচার্য — খ

**৪৭. কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?**
ক) হুজুরাইন খ) ঠাকুরণ
গ) পাগলী ঘ) ডাইনি — ঘ

**৪৮. 'ধোপা' শব্দটির স্ত্রীবাচক শব্দ?**
ক) ধুপী খ) ধুপানী
গ) ধোপী ঘ) ধোপানী — ঘ

**৪৯. 'মালা' শব্দের স্ত্রীলিঙ্গ কোনটি?**
ক) মালিকা খ) মালী
গ) মালীনী ঘ) মালিনী — ক

**৫০. নিচের কোনটির পুরুষবাচক শব্দ নেই?**
ক) ঠাকুরানী খ) এয়ো
গ) দুলাইন ঘ) জেনানা — খ

**৫১. 'গণক' শব্দটির স্ত্রীলিঙ্গ কোনটি?**
ক) গণিকা খ) গণকী
গ) গণকিনী ঘ) গণকা — খ

**৫২. 'বিদ্বান' এর সঠিক স্ত্রীবাচক শব্দ কোনটি?**
ক) বিদ্বানী খ) বিদুষিণী
গ) বিদুষী ঘ) বিদূসী — গ

**৫৩. নিচের কোনটি নিত্য স্ত্রীবাচক শব্দ?**
ক) বনানী খ) পিসি
গ) বিধবা ঘ) সতী — গ

**৫৪. কোনটি আ প্রত্যয় যোগে সাধিত স্ত্রীবাচক শব্দ?**
ক) গায়িকা খ) নায়িকা
গ) প্রথমা ঘ) বালিকা — গ





# Home Work

১. **যোগরূঢ় শব্দ কোনটি?** [৪৬তম বিসিএস]
ক) কলম  খ) মলম
গ) বাঁশি  ঘ) শাখামৃগ  **ঘ**

২. **আরবি 'কলম' শব্দটি 'কলমোস' শব্দ থেকে এসেছে। 'কলমোস' কোন ভাষার শব্দ?** [৪৫তম বিসিএস]
ক) পাঞ্জাবি  খ) ফরাসি
গ) গ্রিক  ঘ) স্পেনিশ  **গ**

৩. **নিচের কোনটি যৌগিক শব্দ?** [৪৫তম বিসিএস]
ক) প্রবীণ  খ) জেঠামি
গ) সরোজ  ঘ) মিতালি  **ঘ**

৪. **লিঙ্গান্তর হয় না এমন শব্দ কোনটি?** [১৮তম বিসিএস; বিটিআরসি-এর উপসহকারী পরিচালক (কারিগরি)- ২০২১]
ক) সাহেব  খ) বেয়াই
গ) সঙ্গী  ঘ) কবিরাজ  **ঘ**

৫. **দুটি পুরুষবাচক শব্দ রয়েছে কোনটিতে?** [১৮তম বিসিএস; ডাক উধিদপ্তরের উপজেলা পোস্ট মাস্টার- ২০১৮]
ক) ননদ  খ) প্রিয়
গ) শিষ্যা  ঘ) আয়া  **ক**

৬. **বাংলা কৃৎ-প্রত্যয় সাধিত শব্দ কোনটি?** [৩৮তম বিসিএস]
ক) চামার  খ) ধারালো
গ) মোড়ক  ঘ) পোষ্টাই  **গ**

৭. **'সোমত্ত' শব্দটির উৎপত্তি কোন শব্দ থেকে?** [৪১তম বিসিএস]
ক) সোপান  খ) সমর্থ
গ) সোল্লাস  ঘ) সওয়ার  **খ**

৮. **'জোছনা' কোন শ্রেণির শব্দ?** [৪০তম বিসিএস]
ক) যৌগিক  খ) তৎসম
গ) দেশি  ঘ) অর্ধ-তৎসম  **ঘ**

৯. **'গিন্নি' কোন শ্রেণির শব্দ?** [৩৮তম বিসিএস/পররাষ্ট্র মন্ত্রণালয়ের সহকারী সাইফার কর্মকর্তা: ২০১৭ / EBEK উপজেলা সমন্বয়কারী- ২০১৭; মা.উ.শি.অ. (অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক)'২২; বা.কো.গা./কৃ.প্র.এ. (নার্স)'১৯; ফা.সা.সি.ডি. (ফোরম্যান)'১৯; রে.ম.অ.বা.রে.(উপসহকারী প্রকৌশলী (ব্রিজ)'১৮; প.ম. (সহকারী সাইফার কর্মকর্তা)'১৭]
ক) দেশি  খ) বিদেশি শব্দ
গ) তদ্ভব  ঘ) অর্ধ-তৎসম  **ঘ**

১০. **কোনটি তদ্ভব শব্দ?** [১০ম বিসিএস]
ক) চাঁদ  খ) সূর্য
গ) নক্ষত্র  ঘ) গগণ  **ক**

১১. **'আসমান' কোন ভাষা থেকে আগত শব্দ?** [৪৩ তম বিসিএস]
ক) পর্তুগিজ  খ) ফরাসি
গ) আরবি  ঘ) ফারসি  **ঘ**

১২. **'বাবা' কোন ভাষার অন্তর্গত শব্দ?** [৪২তম বিসিএস (বিশেষ); মা.উ.শি.অ. (অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক)'২২; বা.প.বি.বো. (সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর)'২১; দুদক (সহকারী পরিচালক)'২০; স্ব.ম. মা.নি.অ. (উপ-পরিদর্শক)'১৯; NSI (সহকারী পরিচালক)'১৯]
ক) তৎসম  খ) তদ্ভব
গ) ফারসি  ঘ) তুর্কি  **ঘ**

১৩. **'গির্জা' কোন ভাষার অন্তর্গত শব্দ?** [৪০তম বিসিএস; বেপজা (BEPZA)-এর সহকারী ব্যবস্থাপক পদে নিয়োগ পরীক্ষা- ২০২১]
ক) ফারসি  খ) পর্তুগিজ
গ) ওলন্দাজ  ঘ) পাঞ্জাবি  **খ**

১৪. **শব্দার্থ অনুসারে বাংলা ভাষার শব্দ সমষ্টিকে ভাগ করা যায়—** [১৭তম বিসিএস]
ক) দুই ভাগে  খ) তিন ভাগে
গ) চার ভাগে  ঘ) পাঁচ ভাগে  **খ**

১৪. **কোনটি মৌলিক শব্দ?** [৩৭তম বিসিএস, ১৪তম বিসিএস]
ক) মানব  খ) গোলাপ
গ) একাঙ্ক  ঘ) ধাত  **খ**

১৫. **'হেড মৌলভী' কোন ভাষার শব্দ যোগে গঠিত হয়েছে?** [৩৬তম বিসিএস]
ক) ইংরেজি + ফারসি  খ) ইংরেজি + আরবি
গ) তুর্কি + আরবি  ঘ) ইংরেজি + পুর্তুগিজ  **ক**

১৬. **বাংলা ভাষার শব্দ সাধন হয় না নিম্নোক্ত কোন উপায়ে?** [৩৫তম বিসিএস]
ক) সমাস দ্বারা  খ) উপসর্গ যোগে
গ) লিঙ্গ পরিবর্তন দ্বারা  ঘ) ক, খ ও গ তিন উপায়েই হয়  **গ**

১৭. **কোনটি সাধিত শব্দ নয়?** [৩২তম বিসিএস]
ক) পানসা  খ) ফুলেল
গ) গোলাপ  ঘ) হাতল  **গ**

১৮. **কোনটি ইংরেজি শব্দ?** [৩২তম বিসিএস]
ক) ম্যাজেন্ট  খ) পিস্তল
গ) আলমারি  ঘ) কমা  **ঘ**

১৯. **'উজবুক' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?** [৩১তম বিসিএস]
ক) ফার্সি  খ) তুর্কি
গ) পর্তুগিজ  ঘ) আরবি  **খ**

২০. **সন্ধি-সাধিত শব্দ 'পরস্পর' কোন ধরনের সন্ধির দৃষ্টান্ত?** [৩১তম বিসিএস]
ক) ব্যঞ্জন ধ্বনি  খ) স্বরধ্বনি
গ) নিপাতনে সিদ্ধ  ঘ) বিসর্গ সন্ধি  **গ**

২১. **গ্রিক শব্দ কোনটি?** [২৭তম বিসিএস]
ক) তুফান  খ) লুঙ্গী
গ) কুশন  ঘ) দাম  **ঘ**

২২. **কোন শব্দটি ফারসি?** [২৬তম বিসিএস]
ক) মুসাফির  খ) তকদির
গ) পেরেশান  ঘ) মজলুম  **গ**

২৩. **'চৌ-হদ্দি' শব্দটি কোন কোন ভাষার শব্দ মিলে হয়েছে?** [২৬তম বিসিএস, বাংলাদেশ রেলওয়ে (বুকিং সহকারী) -২০২৪]
ক) বাংলা+ফারসি  খ) সংস্কৃত+ফারসি
গ) ফারসি+আরবি  ঘ) সংস্কৃত+আরবি  **গ**

২৪. **'কাঁচি' কোন ধরনের শব্দ?** [২৪তম বিসিএস]
ক) আরবি  খ) ফারসি
গ) হিন্দি  ঘ) তুর্কি  **ঘ**

২৫. **'বেটাইম' শব্দটি গঠিত হয়েছে?** [বাতিলকৃত ২৪তম বিসিএস]
ক) ফারসি ও ইংরেজি শব্দে  খ) ফরাসি ও ইংরেজি শব্দে
গ) ফারসি ও ফরাসি শব্দে  ঘ) ফারসি ও হিন্দি শব্দে  **ক**

২৬. **'পেয়ারা' কোন ভাষা থেকে আগত শব্দ?** [২৩তম বিসিএস]
ক) হিন্দি  খ) উর্দু
গ) পর্তুগিজ  ঘ) গ্রিক  **গ**

২৭. **'বাবেল মান্দেব' কী শব্দ?** [২৩তম বিসিএস]
ক) ফারসি  খ) উর্দু
গ) আরবি  ঘ) ইংরেজি  **ক**

**২৮. 'ক্ষুদার্থে নারীবাচক শব্দ কোনটি?** [বাংলাদেশ রেলওয়ে (বুকিং সহকারী) - ২০২৪]
ক মালিকা খ বালিকা
গ কুমারী ঘ নবীনা ক

**২৯. কোনটি নিত্য স্ত্রীবাচক বাংলা শব্দ?** [নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই পদের পরীক্ষা-২০২৪]
ক মা খ সতীন
গ ঠাকুরন ঘ বোন খ

**৩০. কোনটি মৌলিক শব্দ?** [বাংলাদেশ রেলওয়ে টিকিট কালেক্টর-২০২৪]
ক মা খ বাঁশি
গ তৈল ঘ জলধি ক

**৩১. 'তারিখ' কোন দেশি শব্দ?** [ বাংলাদেশ ডাক বিভাগ ( পোস্টম্যান/রানার/অফিস সহায়ক)-২০২৪]
ক বাংলা খ ইংরেজি
গ আরবি ঘ জাপানি গ

**৩২. নিচের কোন শব্দটি তৎসম?** [প.অ. (অফিস সহায়ক)'২৩]
ক হাত খ নক্ষত্র
গ দারোগা ঘ চুলা খ

**৩৩. নিচের কোনটি তৎসম শব্দ?** [শি.নি.প্র.প. (শিক্ষক) (স্কুল)'২২]
ক চাঁদ খ খোকা
গ কাঠ ঘ সন্ধ্যা ঘ

**৩৪. কোনটি বিদেশি শব্দ নয়?** [স্বা.প্র.অ. (নকশাকার (ড্রাফটম্যান)'২২]
ক আদালত খ চিনি
গ পাউরুটি ঘ সূর্য ঘ

**৩৫. 'হংস' কোন ধরনের শব্দ?** [স.জ.অ. (কার্য সহকারী)'২২]
ক তৎসম খ তদ্ভব
গ দেশি ঘ বিদেশি ক

**৩৬. নিচের কোনটি তৎসম শব্দ?** [ক.জে.আ. (অডিটর)'২২]
ক পাত্র খ চামার
গ হাত ঘ দুধ ক

**৩৭. নিচের কোনটি তৎসম শব্দ?** [স্বা.স.প্র.অ. (কার্যসহকারী)'২৩; প্রাথমিক (সহকারী শিক্ষক) (৩য় পর্যায়)২০২০]
ক গেরাম খ চামার
গ মাটি ঘ নারিকেল ঘ

**৩৮. নিচের কোন শব্দটি তৎসম শব্দ?**[ম.হি.নি.কা. (জুনিয়র অডিটর)'২২; প্রাথমিক (সহকারী শিক্ষক)'০৭]
ক জীবন খ গোয়ালা
গ পেট ঘ ডিঙ্গি ক

**৩৯. 'কাজ' শব্দের তৎসম রূপ-** [পিএসসি (সিনিয়র স্টাফ নার্স)'২৩]
ক ক্রিয়া খ কর্ম
গ কর্জ্জ ঘ করণীয়

**নোট:** কার্য (তৎসম)⟶ কজ্জ (প্রাকৃত)⟶ কাজ (বাংলা)।

**৪০. 'তদ্ভব' শব্দের উদাহরণ কোনটি?** [বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (সহকারী এনফোর্সমেন্ট কো-অর্ডিনেটর) - ২০২৪]
ক ঘোড়া খ আকাশ
গ ঢেঁকি ঘ কলম ক

**৪১. 'আনারস' শব্দটি কোন ভাষা থেকে আগত?** [নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই পদের পরীক্ষা-২০২৪, বি.ম.(অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক)'২২; বা.বে.বি.চ.ক. (মেডিকেল অফিসার/এরোড্রাম সহকারী)'২১; বা.কৃ.উ.ক. (সহকারী প্রশাসনিক কর্মকর্তা)'২০]
ক ওলন্দাজ খ পর্তুগিজ
গ তুর্কি ঘ ফারসি খ

**৪২. 'আদালত' শব্দটি কোন ভাষা থেকে জাত?** [হোম ইকোনমিস্ট (রিপোর্ট পদের পরীক্ষা)-২০২৪]
ক আরবি খ বাংলা
গ পর্তুগিজ ঘ ফারসি ক

**৪৩. 'পোলাও' শব্দটি–** [বস্ত্র অধিদপ্তরের অফিস সহায়ক পরীক্ষা-২০২৪]
ক ফারসি খ সংস্কৃত
গ বাংলা ঘ আরবি ক

**৪৪. 'রেস্তোরাঁ' শব্দের উৎস ভাষা-** [ বাংলাদেশ সরকারি কর্মকমিশন (সিনিয়র স্টাফ নার্স)-২০২৪]
ক তুর্কি খ ফারসি
গ ফরাসি ঘ ইংরেজি গ

**৪৫. কোনটি 'তদ্ভব' শব্দ?** [প.অ. (অফিস সহায়ক)'২৩; বা.বে.বি.চ.ক. (এরোড্রাম ফায়ার লীডার)'২১; ত.ম.চ.প্র.অ. (ক্যামেরাম্যান)'১৯; প্রাথমিক (সহকারী শিক্ষক) (৪র্থ ধাপ)'১৯]
ক সূর্য খ চাঁদ
গ চন্দ্র ঘ গগন খ

**৪৬. 'তদ্ভব' শব্দের অর্থ হলো-** [কা.শি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইনস্ট্রাক্টর)'২৩]
ক সংস্কৃতের সমান খ সংস্কৃত নয়
গ সংস্কৃত থেকে উদ্ভূত ঘ বিদেশি শব্দ গ

**৪৭. অর্ধ-তৎসম শব্দ নয় কোনটি?**[বা.প.উ.বো. (সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা)'২৩]
ক বদ্যি খ তেষ্টা
গ মিষ্টি ঘ চাঁদ ঘ

**৪৮. কোনটি দেশি শব্দ?** [বি.ম. (প্রশাসনিক কর্মকর্তা)'২২; প.প.অ. (পরিবার কল্যাণ পরিদর্শিকা)'২৩; স.ম.স.অ. (শহর সমাজসেবা অফিসার (হাসপাতাল)'০৭]
ক পেঁপে খ আসন
গ চেহারা ঘ ঢেঁকি ঘ

**৪৯. 'ফকির শব্দটি কোন ভাষা থেকে এসেছে?** [প.অ. (অফিস সহায়ক)'২৩]
ক তুর্কি খ পর্তুগিজ
গ আরবি ঘ ফারসি গ

**৫০. 'হিসাব' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**[ম.হি.নি.কা. (জুনিয়র অডিটর)'২২; পা.ব.ক. (সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)'২০]
ক পর্তুগিজ খ আরবি
গ জাপানি ঘ গুজরাটি খ

**৫১. ময়নাতদন্ত শব্দের 'ময়না' কোন ভাষার শব্দ?**[বা.প.বি.বো. (জেনারেল ম্যানেজার (প্রশাসন/মানবসম্পদ)'২২]
ক খাঁটি বাংলা খ সংস্কৃত
গ আরবি ঘ ফারসি গ

**৫২. নিচের কোন শব্দটি আরবি ভাষা নয়?**[কা.শি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর)'২৩]
ক ইনসান খ ইবাদত
গ মর্জি ঘ আশরফি ঘ

**৫৩. 'একতারা' শব্দটি যে ভাষা থেকে এসেছে-**[ফা.সা.সি.ডি.অ. (স্টেশন অফিসার)'২২]
ক আরবি খ তুর্কি
গ ফারসি ঘ সংস্কৃতি গ

**৫৪. 'জংশন' শব্দটির উৎস ভাষা-** [প.ম.(সহকারী পরিচালক)'২৩]
ক ইংরেজি খ ফরাসি
গ চীনা ঘ বার্মিজ ক

**৫৫. 'কামিজ' শব্দটি কোন ভাষা থেকে আগত?**[কা.শি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর)'২৩]
ক ইংরেজি খ হিন্দি
গ পর্তুগিজ ঘ ওলন্দাজ গ

**৫৬. 'সাবান' কোন দেশী শব্দ?** [বা.প.বি.বো. (কম্পিউটার মুদ্রাক্ষরিক কাম-অফিস সহকারী)'২৩]
ক তুর্কি　খ পাঞ্জাবি
গ ফরাসি　ঘ পর্তুগিজ　**ঘ**

**৫৭. 'বালতি' কোন ধরনের শব্দ?** [রাজউক (ইমারত পরিদর্শক)'২২]
ক আরবি শব্দ　খ ফরাসি শব্দ
গ দেশি শব্দ　ঘ কোনটিই নয়　**ঘ**

**৫৮. 'চাবি, জানালা, বালতি'- এগুলো কোন ভাষা থেকে এসেছে?** [ঔ.প্র.অ. (অফিস সহায়ক)'২২; কা.শি.অ. (বিভিন্ন পদ)'২১]
ক পর্তুগিজ　খ জাপানি
গ তুর্কি　ঘ গ্রিক　**ক**

**৫৯. 'কার্তুজ' কোন ভাষার শব্দ?** [ডা.জী.বী. (সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর)'২২; স্ব.ম. (কারা তত্ত্বাবধায়ক)'১৩]
ক ইংরেজি　খ ফরাসি
গ জার্মানি　ঘ চীনা　**খ**

**৬০. 'হরতাল' কোন ভাষার শব্দ?** [ব.অ. (জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট)'২২; আ.র.প্র.নি.দ. (অফিস সহায়ক)'২০; সিনিয়র স্টাফ নার্স পদের পরীক্ষা-২০২১; প্রা.গ.ম.(পিটিআই ইনস্ট্রাক্টর)'১৯; প.ত.ব্য.অ. (পরিসংখ্যান কর্মকর্তা)'১৭]
অথবা, **'হরতাল' কোন ধরনের বিদেশি শব্দ?** [প.সে.রে.স.প্র. (রিসেটেলমেন্ট সহকারী)'২১]
ক ইংরেজি　খ গুজরাটি
গ ফারসি　ঘ আরবি　**খ**

**৬১. 'দারোগা' শব্দটি কোন ভাষার শব্দ?** [প.ম. (ব্যক্তিগত কর্মকর্তা)'১৯; প. ম. (প্রশাসনিক কর্মকর্তা)'১৯]
অথবা, **'দারোগা' শব্দটি কোন ভাষা থেকে আগত?**
ক জাপানি　খ তুর্কি
গ ফরাসি　ঘ গুজরাটি　**খ**

**৬২. 'লুঙ্গি' কোন ভাষা থেকে আগত শব্দ?** [পিএসসি (সিনিয়র স্টাফ নার্স)'২৩; খা.অ. (সহকারী উপ-খাদ্য পরিদর্শক)'২১; বা.কো.গা/কৃ.প্র.এ. (নার্স)'১৯; ফা.সা.সি.ডি. (ফোরম্যান)'১৯; প.ত.ব্য.অ (পরিসংখ্যান কর্মকর্তা)'১৭; প্রা.গ.ম. (পিটিআই জুনিয়র ইন্সট্রাক্টর (টেক)'১৬; স্ব.ম.আ.ভি.অ. (সার্কেল অ্যাডজুটেন্ট/ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা/সহকারী অ্যাডজুটেন্ট)'১৫]
অথবা, **'লুঙ্গি' শব্দটি কোন দেশি?** [ব.অ.(জুনিয়র ওয়াইল্ড লাইফ স্কাউট)'২২]
ক চীনা　খ তুর্কি
গ বর্মি　ঘ মালয়　**গ**

**৬৩. 'রিক্সা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?** [ডা.অ.(হিসাব সহকারী/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক)'২২; শ্র.ক.ম.(শ্রম পরিদর্শক (সেফটি); মেকানিক্যাল টেকনোলজি)'১৯; স.বি.ম. (উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)'১৯]
ক জাপানি　খ ইংরেজি
গ চীনা　ঘ হিন্দি　**ক**

**৬৪. 'কিন্ডারগার্টেন' শব্দটি কোন ভাষা থেকে ইংরেজি ভাষায় এসেছে?** [কা.শি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর)'২৩; প্রাথমিক (সহকারী শিক্ষক) (২য় পর্যায়)'২০]
ক জাপানি　খ স্প্যানিশ
গ জার্মান　ঘ আইরিশ　**গ**

**৬৫. 'চকোলেট' শব্দটি এসেছে কোন ভাষা থেকে?** [ঔ. প্র.অ. (অফিস সহায়ক)'২২; দুদক (উপ-সহকারী ও কোর্ট পরিদর্শক)'২০]
ক ইতালীয়　খ পর্তুগিজ
গ বার্মিজ　ঘ মেক্সিকান　**ঘ**

**৬৬. 'চিড়িয়াখানা' শব্দটি কোন দুটি ভাষার শব্দের সংমিশ্রণ?** [বি.বা.এ.(ম্যাটেরিয়াল মেনেজমেন্ট অ্যাসিস্টেন্ট)'২২]
ক তুর্কি ও ফারসি　খ হিন্দি ও তুর্কি
গ ফারসি ও বাংলা　ঘ হিন্দি ও ফারসি　**ঘ**

**৬৭. কোনটি মৌলিক শব্দ?** [ডা.অ. (হিসাব সহকারী/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক)'২২; কা.শি.অ. (ফিজিক্যাল এডুকেশন ইন্সট্রাক্টর)'২৩]
ক মানব　খ গোলাপ
গ একাঙ্ক　ঘ ধাতব　**খ**

**৬৮. কোনটি মৌলিক শব্দ?** [বাংলাদেশ রেলওয়ে টিকিট কালেক্টর-২০২৪]
ক মা　খ বাঁশি
গ তৈল　ঘ জলধি　**ক**

**৬৯. কোনটি যোগরূঢ় শব্দ নয়?** [প.ম. (সহকারী পরিচালক)'২৩]
ক মহাযাত্রা　খ পঙ্কজ
গ রাজপুত　ঘ ধানক্ষেত　**ঘ**

**৭০. 'চাঁদমুখ' কোন ধরনের শব্দ?** [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (লাইব্রেরি সাইন্স)-'১৫-১৬]
ক খণ্ডিত শব্দ　খ মুক্তমাল শব্দ
গ পর্তুগিজ শব্দ　ঘ সাধিত শব্দ　**ঘ**

**৭১. এক বা একাধিক বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে কী বলে?** [প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের হিসাব সহকারী : ১১]
ক পদ　খ শব্দ
গ ধাতু　ঘ প্রকৃতি　**খ**

**৭২. শব্দের ক্ষুদ্রতম অংশকে বলা হয়–** [রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক অফিসার : ১৪]
ক পদ　খ ধ্বনি
গ কারক　ঘ বর্ণ　**খ**

**৭৩. নিচের কোনটি অর্ধতৎসম শব্দের উদাহরণ নয়?** [জাতীয় রাজস্ব বোর্ডের সহ রাজস্ব কর্মকর্তা- ১৭]
ক গিন্নি　খ কেত্তন
গ ছেরাদ্দ　ঘ ঢোল　**ঘ**

**৭৪. বাংলা ভাষায় অর্ধতৎসম শব্দগুলো এসেছে?** [মাধ্যমিক বিদ্যালয় সহকারী শিক্ষক : ২০১১]
ক সংস্কৃত　খ পর্তুগিজ
গ ল্যাটিন　ঘ আরবি　**ক**

**৭৫. 'বৈষ্ণব'- এর অর্ধতৎসম শব্দ কোনটি?** [ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, খ ইউনিট-'০১-০২]
ক বিষ্টম　খ বোষ্টম
গ বেষ্টম　ঘ অষ্টম　**ক**

**৭৬. 'গৃহিণীর' অর্ধতৎসম শব্দ কোনটি?** [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা, (খ ইউনিট)- '০৭-০৮]
ক গিন্নি　খ স্ত্রী
গ পুন্নিমে　ঘ ক + খ　**ক**

**৭৭. তদ্ভব শব্দের মূল কোন ভাষায় থাকতে হবে?** ১১তম বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা (স্কুল/ সমপর্যায়)- '১৬; সমাজসেবা অধিদপ্তরের সমাজ কল্যাণ সংগঠক- ১৯]
ক তদ্ভব　খ বিদেশি
গ সংস্কৃত　ঘ অপভ্রংশ　**গ**

**৭৮. 'চন্দ্র' শব্দের তদ্ভব রূপ–** [পাবলিক সার্ভিস কমিশনে সহকারী পরিচালক- '০৩; বাংলাদেশ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ মাঠ কর্মকর্তা - '১৩]
ক চন্দ্র　খ চাঁদ
গ নক্ষত্র　ঘ চন্দ্রিমা　**খ**

**৭৯. নিচের কোনটি দেশি শব্দ নয়?** [থানা শিক্ষা অফিসার-'১৬]
ক কুড়ি　খ ঢোঙ্গা
গ বড়শি　ঘ আনারস　**ঘ**

**৮০. অনার্য জাতির ব্যবহৃত শব্দকে কী শব্দ বলে?** [সমাজসেবা অধিদপ্তরের উপসহকারী পরিচালক- ০৫]
ক দেশি　খ বিদেশি
গ তৎসম　ঘ বাংলা　**ক**

৮১. **'দেশি' শব্দ কোনটি?** [বাংলাদেশ টেলিভিশন এবং বিজ্ঞাপন আধিকারিক (গ্রেড-২) -০৬]
ⓚ চাঁদ ⓚ ডাব
ⓖ ঈদ ⓖ চশমা — খ

৮২. **পেঁপে শব্দটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে?** [কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপসহকারী কৃষি কর্মকর্তা -১০.১২.২১]
ক ফরাসি খ ওলন্দাজ
গ পর্তুগিজ ঘ ফারসি — গ

৮৩. **'আনারস' এবং 'চাবি' শব্দ দুটি কোন ভাষা হতে বাংলা ভাষা গ্রহণ করেছে?** [১০তম বিসিএস]
ক পর্তুগিজ খ আরবি
গ দেশি ঘ ওলন্দাজ — ক

৮৪. **বাংলা ভাষায় প্রচলিত 'বরফ' শব্দটি কোন বিদেশি ভাষা থেকে গৃহীত?** [প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপ-সহকারী পরিচালক পদে নিয়োগ পরীক্ষা: ২০১৮]
ক আরবি খ ফারসি
গ পর্তুগিজ ঘ তুর্কি — খ

৮৫. **বাংলা ভাষায় সমাস নিষ্পন্ন যেসব শব্দ সমস্যমান পদগুলোর কোনোটার অর্থ প্রকাশ না করে বিশেষ কোনো অর্থ প্রকাশ করে, সেগুলোকে বলে–** [পল্লী উন্নয়ন বোর্ডের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা- ২০১৯; প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সহকারী পরিচালক পদে নিয়োগ পরীক্ষা: ২০]
ক যৌগিক শব্দ খ রূঢ় শব্দ
গ যোগরূঢ় শব্দ ঘ সাধিত শব্দ — গ

৮৬. **নিচের কোনটি পর্তুগিজ শব্দ নয়?** [বাংলাদেশ শিপিং করপোরেশন সিনিয়র এ্যাসিস্ট্যান্ট পদে নিয়োগ: ২০১৮]
ক পাউরুটি খ বালতি
গ সাবান ঘ গ্যারেজ — ঘ

৮৭. **আরবি উৎস থেকে আত্তীকৃত এবং প্রশাসনিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে ব্যবহৃত হলো–** [রূপালী ব্যাংক লিমিটেড অফিসার (ক্যাশ): ২০১৮]
ক রায় খ জবানবন্দি
গ নমুনা ঘ দস্তখত — ক

৮৮. **কোনটি পর্তুগিজ শব্দ নয়?** [উত্তরা ব্যাংক (ক্যাশ)- ২০১৭]
ক আলকাতরা খ আলমারি
গ আলবোলা ঘ আলপিন — গ

৮৯. **নিচের কোনটি যোগরূঢ় শব্দ?** [বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের সহকারী প্রশাসনিক কর্মকর্তা : '১৭]
ক মহাযাত্রা খ বাঁশি
গ প্রবীণ ঘ সন্দেশ — ক

৯০. **যেসব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একইরকম সেগুলোকে বলে–** [রাজশাহী বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষা (চ ইউনিট): '১৩-১৪]
ক মৌলিক খ যৌগিক শব্দ
গ সাধিত শব্দ ঘ রূঢ়ি শব্দ — খ

## Class Test



১. **'সন্দেশ' কোন শ্রেণির শব্দ/ 'সন্দেশ' অর্থগত দিক থেকে কোন শ্রেণির শব্দ?**
ক মৌলিক খ যৌগিক
গ রূঢ়ি ঘ যোগরূঢ়

২. **কোনটি যোগরূঢ় শব্দ?**
ক পঙ্কজ খ সন্দেশ
গ প্রবীণ ঘ গায়ক

৩. **চাঁদ+মুখ কোন ধরনের শব্দ?**
ক মৌলিক শব্দ খ সাধিত শব্দ
গ যোগরূঢ় ঘ যৌগিক শব্দ

৪. **'চাঁদ' কোন শ্রেণির শব্দ?**
ক তৎসম খ অর্ধ-তৎসম
গ তদ্ভব ঘ দেশি

৫. **'ওরে, বাছা মাতৃকোষে রতনের রাজি'- 'বাছা' শব্দটি?**
ক তৎসম খ তদ্ভব
গ দেশি ঘ অর্ধ-তৎসম

৬. **অর্ধ-তৎসম শব্দের উদাহরণ কোনটি?**
ক গঞ্জ খ চাঁদ
গ পিতা ঘ গিন্নী

৭. **নিচের কোনগুলো দেশি শব্দ?**
ক হস্ত, মস্তক খ খোকা, চোঁপা
গ গিন্নি, গতর ঘ চাঁদ, ভাত

৮. **'সমিতি' কোন লিঙ্গ?**
ক ক্লীবলিঙ্গ খ পুংলিঙ্গ
গ স্ত্রীলিঙ্গ ঘ উভয় লিঙ্গ

৯. **ঈ-প্রত্যয়যোগে লিঙ্গান্তর করা হয়েছে কোনটি?**
ক জেলেনী খ অনাথিনী
গ ছাত্রী ঘ মেছোনী

১০. **নিত্য স্ত্রীবাচক শব্দ কোনটি?**
ক মজুরানী খ ঠাকুরানী
গ মলিনা ঘ সৎমা

**উত্তরমালা**

| | |
|---|---|
| ১ | গ |
| ২ | ক |
| ৩ | খ |
| ৪ | গ |
| ৫ | খ |
| ৬ | ঘ |
| ৭ | খ |
| ৮ | ক |
| ৯ | গ |
| ১০ | ঘ |